# বার্ষিক প্রতিবেদন

## ২০২১-২০২২

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## বার্ষিক প্রতিবেদন

## জুলাই ২০২১ থেকে জুন ২০২২

বর্তমানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ৯টি অনুষদ, ৬টি ইনস্টিটিউট, ৪৮টি বিভাগ, ৫টি গবেষণা কেন্দ্র এবং ১৪টি হল রয়েছে। অধিভুক্ত অনুষদ ১টি, ইনস্টিটিউট ১টি এবং ২৫টি কলেজ রয়েছে। বিশ্ববিদ্যালয়ের ৫৪টি বিভাগ ও ইনস্টিটিউটে সার্টিফিকেট, ডিপ্লোমা, স্নাতক ও স্নাতকোত্তর প্রোগ্রামে ২৭,৫৫০ জন ছাত্র-ছাত্রী অধ্যয়নরত আছে। তন্মধ্যে ১৭,৪৯৪ জন ছাত্র এবং ১০,০৪৬ জন ছাত্রী। এ বিশ্ববিদ্যালয়ে জুলাই ২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত সময় ব্যাপ্তিতে ৩৯ জন গবেষক এম.ফিল. ডিগ্রী অর্জন করেছেন, ১৫ জন গবেষক পি-এইচ.ডি. ডিগ্রী অর্জন করেছেন এবং ১৬ জন এম.এস. (মেডিকেল সায়েন্স) ও ১৬ জন এম.ডি. (মেডিকেল সায়েন্স) ডিগ্রী অর্জন করেছেন; সর্বমোট উচ্চতর ডিগ্রীপ্রাপ্ত সংখ্যা ৮৬ জন। এ সংখ্যা ২৩/০৬/২০২২ তারিখের একাডেমিক কাউন্সিলের ২৪০ তম সভায় অনুমোদিত এওয়ার্ডসমূহ বাদ দিয়ে গণনা করা হয়েছে।

বর্তমানে (২০২১-২০২২ বৎসরে) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে চ.বি. শিক্ষকদের মধ্যে ০৪ জন এম. ফিল. পর্যায়ে ও ৩৩ জন পি-এইচ.ডি. পর্যায়ে গবেষণারত ছিলেন। এম.ফিল. ও পি-এইচ.ডি. পর্যায়ে গবেষকের এ সর্বমোট সংখ্যা: (০৪+৩৩)= ৩৭ জন।

বহিঃস্থ এম.ফিল. গবেষকের সংখ্যা ১০০৪ জন, বহিঃস্থ পি-এইচ.ডি. গবেষক সংখ্যা ২৬০ জন। বহিঃস্থ এম.ফিল. ও পি-এইচ.ডি. গবেষকের সংখ্যা সর্বমোট: (১০০৪+২৬০)= ১২৬৪ জন (২৫/০৫/২০২২ তারিখে অনুষ্ঠিত চ.বি. বোর্ড অব্ এডভান্সড স্টাডিজ এর সভায় ভর্তির জন্য অনুমোদিত প্রার্থীদের সংখ্যা বাদ দিয়ে)।

চ.বি. শিক্ষক ও বহিঃস্থ গবেষকসহ সর্বমোট এম.ফিল. ও পি-এইচ.ডি. গবেষকের সংখ্যা: (১২৬৪+৩৭)= ১৩০১ জন। উল্লেখ্য যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে সর্বমোট ১০২ জন গবেষক এম.ফিল. ও পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তির জন্য নির্বাচিত হয়েছেন। বর্তমানে তাঁদের ভর্তি কার্যক্রম চলমান আছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ বর্ষে কর্মরত শিক্ষক ছিলেন ৯০০ জন, তন্মধ্যে ৬৬১ জন পুরুষ এবং ২৩৯ জন মহিলা। ৩০-০৬-২০২২ তারিখে কর্মরত কর্মকর্তার মোট সংখ্যা ছিল ৪২১ জন, তন্মধ্যে পুরুষ- ৩৬০ জন এবং মহিলা ৬১ জন। এছাড়া চুক্তিভিত্তিক ০২ জন ও পি.আর.এল ভোগরত ০৮ জন কর্মকর্তা ছিলেন। তৃতীয় শ্রেণীর কর্মচারীর সংখ্যা ছিল ৪৮৬ জন, তন্মধ্যে পুরুষ- ৪৩৭ জন ও মহিলা- ৪৯ জন। এছাড়া এডহক ভিত্তিতে ০৫ জন, দৈনিক/ মাস্টাররোল/খন্ডকালীন ভিত্তিতে ৩০ জন নিয়োজিত ছিলেন। ৪র্থ শ্রেণী কর্মচারীর সংখ্যা ১০৩৭ জন (পিআরএল-১৯ জন সহ), তন্মধ্যে পুরুষ- ৯৫৯ জন এবং মহিলা- ৭৮ জন। এছাড়া মাস্টাররোল ভিত্তিতে ২৮ জন (পুরুষ ২১ জন ও মহিলা ০৭ জন) এবং দৈনিক ভিত্তিক ৭৪ জন (পুরুষ ৬৬ জন ও মহিলা ০৮ জন) নিয়োজিত আছেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে উচ্চতর শিক্ষা ও গবেষণার ক্ষেত্র সম্প্রসারণ এবং অবকাঠামোগত উৎকর্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২৯৭ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ে "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও ভৌত অবকাঠামো উন্নয়ন (২য় সংশোধিত)" শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম একাডেমিক ভবন (জীব বিজ্ঞান অনুষদ ভবন), জননেত্রী শেখ হাসিনা হল এবং উক্ত ছাত্রী হলের প্রভোষ্ট ও হাউস টিউটরবৃন্দের জন্য কোয়ার্টার নির্মাণ কাজ সম্পূর্ণরূপে সমাপ্ত করা হয়েছে এবং তা সংশ্লিষ্টদের ব্যবহারের জন্য ইতোমধ্যে উন্মুক্ত করে দেয়া হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ৬ষ্ঠ একাডেমিক ভবন (২য় কলা ও মানববিদ্যা অনুষদ ভবন) ইতিমধ্যে আংশিক কার্যক্রম শুরু করেছে। উক্ত ভবনে ইতোমধ্যে অনুষদভূক্ত ৪টি বিভাগ তাদের একাডেমিক কার্যক্রম শুরু করেছে; আরো কয়েকটি বিভাগ নতুন ভবনে স্থানান্তরের প্রক্রিয়াধীন আছে। প্রকল্পভূক্ত অন্যান্য অংগসমূহের কাজও দ্রুততম সময়ের মধ্যে সমাপ্ত করা সম্ভব হবে বলে আশা করি। ড. আব্দুল করিম ভবনে (পুরাতন কলা অনুষদ ভবন) ইংরেজী বিভাগের ছেড়ে দেয়া শূন্যস্থানে অনুষদভূক্ত শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (উত্তর ক্যাম্পাস থেকে) স্থানান্তরিত হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বৌদ্ধ ও অন্যান্য সংখ্যালঘু ৬২৪ জন শিক্ষার্থীর (৩১২ জন ছাত্র এবং ৩১২ জন ছাত্রী) জন্য আবাসিক সুবিধা সৃষ্টির লক্ষ্যে ৩৫ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের আওতায় "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বৌদ্ধ ও অন্যান্য সংখ্যালঘু শিক্ষার্থীদের জন্য আবাসিক সুবিধা সৃষ্টিকরণ" শীর্ষক প্রকল্পভূক্ত বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব হলের নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে এবং উক্ত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের আসন বরাদ্দ প্রদানের প্রক্রিয়া কিছুদিনের মধ্যেই শুরু করা হবে।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার বাস্তবানুগ ও সময়োপযোগী নির্দেশনার পরিপ্রেক্ষিতে দেশের সমুদ্র সম্পদের আহরণ এবং সমুদ্র বিষয়ক বিশেষায়িত জ্ঞানের চর্চা ও গবেষণার সুযোগ বৃদ্ধির লক্ষ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মেরিন সায়েন্সেস, ফিশারিজ এবং ওশানোগ্রাফী বিষয়ে একাডেমিক ও গবেষণা কর্মকাণ্ড সম্প্রসারণের সুযোগ-সুবিধাদি সংযোজনের নিমিত্তে "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস এন্ড ফিশারিজের গবেষণা ও সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্পটি ৭২ কোটি ১০ লক্ষ টাকা বরাদ্দ ধরে ২৮/০৩/২০১৭ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পের আওতায় একটি সুদৃশ্য একাডেমিক ভবনসহ আনুষঙ্গিক স্থাপনা নির্মাণ কাজ সমাপ্তির পর্যায়ে রয়েছে। এ প্রকল্পের আওতায় অন্যান্য স্থাপনা- যেমন মিউজিয়াম, এক্যুরিয়াম ইত্যাদি এবং প্রকৌশল দপ্তরের অফিস ভবন নির্মাণ কাজ প্রায় সমাপ্তির পর্যায়ে রয়েছে। ইতোমধ্যে এ প্রকল্পের অন্তর্ভূক্ত চ.বি. ক্যাম্পাস

অতিথিশালার সম্প্রসারণ কাজ এবং নির্মাণাধীন সামুদ্রিক বিজ্ঞান ও ফিশারীজ অনুষদ ভবন সংলগ্ন ব্রীজ নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। প্রকল্পটি দেশের সমুদ্র সম্পদের যথাযথ আহরণ ও ব্যবহারের মাধ্যমে জনগণের খাদ্য নিরাপত্তা, অর্থনীতি, স্বাস্থ্য ও পুষ্টিগত উন্নয়ন, দারিদ্র দূরীকরণ, অধিকতর কর্মসংস্থান, বাস্তুসংস্থান, শিল্প-বাণিজ্যের প্রসার, জীব-বৈচিত্র সংরক্ষণ, আবহাওয়ার পূর্বাভাষকরণ, পরিবেশ দূষণ রোধ, দক্ষ মানব সম্পদ সৃষ্টি ইত্যাদি খাতে ব্যাপক অবদান রাখবে। এক কথায় এটি দেশের বর্তমান উজ্জ্বল সম্ভাবনাময় অর্থনৈতিক খাত 'Blue Economy' কে সমৃদ্ধ করবে।

২০২১-২২ অর্থ বছরে উন্নয়ন ও রাজস্ব বাজেটের আওতায় বিদেশে উচ্চতর ডিগ্রী (মাস্টার্স/পি-এইচ.ডি.) কোর্সে অধ্যয়ন এবং বিদেশে সেমিনার ও কনফারেন্সে যোগদানের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে ৬৩.০০ লক্ষ টাকা অনুদান মঞ্জুরী দেয়া হয়েছে। আগামী ২০২২-২৩ আর্থিক সালের জন্য উন্নয়ন খাতে এ বাবদ ১৪২.৬০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদেরকে গবেষণা কর্মকাণ্ডে আরো অধিক সম্পৃক্ত করার প্রচেষ্টার অংশ হিসেবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাথে ইতোমধ্যে বিদেশী ০৯টি বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। আরো চারটি বিশ্ববিদ্যালয়ের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের কাজ প্রক্রিয়াধীন আছে। এভাবে একাডেমিক ও গবেষণা সংশ্লিষ্ট পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির মাধ্যমে আমরা উপকৃত ও সমৃদ্ধ হতে পারি। এ লক্ষ্যে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিদেশী গবেষক ও অতিথিদের জন্য "Guest House for International Researchers" নির্মাণের সিদ্ধান্ত নেয়া হয়েছে। আপনাদেরকে সানন্দে এ বিষয়ে জানাতে চাই যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন উল্লেখিত গেষ্ট হাউস নির্মাণের জন্য ইতোমধ্যে ০৫ কোটি টাকা এ বিশ্ববিদ্যালয়ের অনুকূলে বরাদ্দ প্রদান করেছে। এছাড়া, সম্প্রতি ডে-কেয়ার সেন্টার, কাটা পাহাড়জুড়ে ছাউনীসংযুক্ত ওয়াকওয়ে, ট্রান্সপোর্ট কমপ্লেক্সের গাড়ীসমূহের সুরক্ষার জন্য শেড, সমাজ বিজ্ঞান অনুষদ ভবনের সুরক্ষার জন্য ব্রেস্ট ওয়াল, পরিশ্রুত সুপেয় পানি সরবরাহের নিমিত্তে Iron Removal Plant স্থাপন, Information Centre নির্মাণ ইত্যাদি কাজ হাতে নেয়া হয়েছে।

অতি সম্প্রতি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৫০ বছর মেয়াদী Digital Master Plan এর আওতায় বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক অবকাঠামোগত উন্নয়ন ও একাডেমিক কর্মকাণ্ডে উৎকর্ষতা বৃদ্ধি, ক্যাম্পাসে শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীদের আবাসিক সুবিধা সম্প্রসারণসহ শিক্ষার গুণগত ও পরিবেশগত মানোন্নয়নের লক্ষ্যে আগামী পাঁচ বৎসরে বাস্তবায়নের লক্ষ্য নিয়ে মোট **১১৬৫ কোটি ১৫ লক্ষ ১০ হাজার** টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব রেখে "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মহাপরিকল্পনা বাস্তবায়ন (প্রথম পর্যায়)" শীর্ষক একটি প্রকল্প প্রস্তাব অনুমোদনের নিমিত্তে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ে পেশ করা হয়েছে। উক্ত প্রকল্প প্রস্তাবে ০৩টি একাডেমিক ভবন, বিভিন্ন অনুষদের জন্য সায়েন্টিফিক রিসার্চ ল্যাব, ২য় প্রশাসনিক-কাম-সিনেট ভবন, টিএসসি ভবন, শিক্ষার্থীদের জন্য ০৪টি আবাসিক হল, শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের জন্য আবাসিক ভবন, ট্রান্সপোর্ট কমপ্লেক্স, সড়ক নির্মাণ, সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট, বৈদ্যুতিক সাব-ষ্টেশন ইত্যাদি নির্মাণ কাজ অন্তর্ভূক্ত করা হয়েছে। এসব কাজ বাস্তবায়ন সম্ভব হলে বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত মাস্টার প্ল্যান এর আওতায় ব্যাপক একাডেমিক ও অবকাঠামোগত উন্নয়ন সাধিত হবে। নিশ্চিতভাবেই এ সমস্ত ভৌত অবকাঠামোগত উন্নয়ন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মানকেও উর্ধ্বগামী করবে।

পি.এইচ.পি. ফ্যামিলির অর্থায়নে চ.বি. বিজ্ঞান অনুষদের পূর্ব পার্শ্বের মসজিদ "মিজানুস সালাম জামে মসজিদ" পুনঃ নির্মাণ কাজ শেষ হয়েছে। শহীদ মিনারের নিকটস্থ ৫০,০০০ গ্যালন ধারন ক্ষমতা সম্পন্ন ওভার গ্রাউন্ড পানির ট্যাংক নির্মাণ ইত্যাদি কাজসমূহ প্রায় সমাপ্তির দিকে। জননেত্রী শেখ হাসিনা হলের ২য় পর্যায়ের নির্মাণ কাজের (৪১০ আসনের) জন্য এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের জন্য কাঠের আসবাবপত্র BFIDC হতে ক্রয় করা হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট ও হাউস টিউটর কোয়ার্টার নির্মাণ কাজ শেষ পর্যায়ে রয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের মূল ভবনের ২য় পর্যায়ের নির্মাণ কাজ চলমান রয়েছে। কলা ও মানববিদ্যা অনুষদের সামনে রাস্তার আর.সি.সি. কাজ শেষ হয়েছে, হিলটপ ৩নং বাসাটি মেরামতি ও সংস্কার কাজ শেষ হয়েছে, চারুকলা ইনস্টিটিউটের সংস্কার ও সৌন্দর্য বর্ধন কাজ, শাহজালাল হলের বর্ধিত ৩ ও ৪ নং টিনশেড ভবনের মেরামতি ও সংস্কার কাজ, ক্লাব কাম গেষ্ট হাউজ (ক্যাম্পাস) এর জন্য ৩য় তলায় ০৪ টি কক্ষ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। চ.বি. শাহজালাল হলের দক্ষিণ পূর্ব দিকে মাস্টার ড্রেন পুনঃনির্মাণ কাজ শেষ হয়েছে, বনবিদ্যা ও পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট এবং দক্ষিণ আবাসিক এলাকার পানি সরবরাহের জন্য ৩০ হর্স পাওয়ার সম্পন্ন Centrifugal Pump সেট ক্রয়ের কাজ, ২০ ও ২৫ হর্স পাওয়ার সম্পন্ন ২ সেট সাবমারসিবল পাম্প (সেন্সর তার ও প্যানেল বোর্ড সহ) ক্রয়ের কাজ সম্পন্ন হয়েছে, চারুকলা ইনস্টিটিউটের ২৪ জন ছাত্রের জন্য একটি সেমিপাকা আবাসিক হোস্টেল নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে, বিজ্ঞান অনুষদ ভবনের ৭ টি টিনশেড কক্ষ মেরামতি কাজ সম্পন্ন হয়েছে, দক্ষিণ ক্যাম্পাস আবাসিক এলাকার ডুপ্লেক্স ভবন ও ফ্ল্যাট টাইপ আবাসিক ভবনের রান্না ঘরসমূহে টাইলস লাগানো কাজ শেষ হয়েছে, বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের সামনে আর.সি.সি. ড্রেন নির্মাণ কাজ টেন্ডারের প্রক্রিয়াধীন। চ.বি. ২য় কলা ও মানববিদ্যা অনুষদের জন্য জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়ের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। রসায়ন বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে বিজ্ঞান অনুষদ ভবনের নীচতলায় রসায়ন বিভাগের নিয়ন্ত্রনাধীন ১১৩ নং কক্ষের ল্যাবের সামনে কমন টয়লেট মেরামতি কাজ, দক্ষিণ আবাসিক এলাকাসহ (এস-ই) মোট ৩৪ টি ডুপ্লেক্স বাসার বাইরের দেয়ালে ওয়েদার কোট রং লাগানো কাজ, পুরাতন শামসুন নাহার হলের (পুলিশ ক্যাম্প) মেরামত ও সংস্কার কাজ সহসাই শুরু হতে যাচ্ছে। প্রধান ফটক জামে মসজিদ পুনঃনির্মাণ কাজ, ক্যাম্পাসে আই.পি. ফোন স্থাপন কাজ, একটি আবাসিক ডুপ্লেক্স বাড়িকে ডে-কেয়ার

সেন্টারে রূপান্তরের কাজ, Confucius Center স্থাপনের কাজ, ২নং গেইট হতে সোহরাওয়ার্দী হল পর্যন্ত পানির পাইপ লাইন পরিবর্তনের কাজ, সোহরাওয়ার্দী হল হতে সমাজ বিজ্ঞান অনুষদ পর্যন্ত পানির পাইপ লাইন স্থাপনের কাজ প্রক্রিয়াধীন। চ. বি. ক্যাম্পাসের বিভিন্ন স্থানে ১৫৩টি গ্যাস রাইজার সংস্কারের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। কলা ও মানববিদ্যা অনুষদের ১৬টি বিভাগের জন্য আসবাবপত্র সরবরাহের কাজ, ইনষ্টিটিউট অব ফরেষ্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস এর জামে মসজিদের সংস্কারের কাজ, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের জন্য ৯১টি ষ্টীল খাট সরবরাহের কাজ, পরিবহণ দপ্তরের জন্য অস্থায়ী শেড নির্মাণ কাজ, মাষ্টার দা সূর্যসেন হলের ছাত্র ব্লকের সংস্কার কাজ, কক্সবাজার ইনানীতে প্রস্তাবিত মেরিন ল্যাব ও ইনফরমেশন সেন্টার নির্মানের কাজ, মাষ্টার দা সূর্যসেন (ছাত্র) হলের ৪র্থ তলা পর্যন্ত উর্ধমুখী করা কাজ, আলাওল হলের জন্য ৫০০০ গ্যালন পানির ট্যাংক, পাম্প স্থাপন ও পাইপ লাইনের কাজ, ক্যাম্পাসের বিভিন্ন স্থানে ৫টি গার্ড ঘর নির্মাণের কাজ, সমাজ বিজ্ঞান অনুষদ খালের পাড়ে ব্রেস্ট ওয়াল নির্মাণের কাজ, বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ভবন নির্মাণের কাজ, ক্যাম্পাসের অভ্যন্তরীণ সড়ক মেরামত ও সংস্কারের কাজ, ৬ষ্ঠ একাডমিক ভবনের (২য় কলা ও মানববিদ্যা) অনুষদের অডিটরিয়ামের Acoustic Staging & Decoration in Gallery ইত্যাদি কাজসমূহ প্রক্রিয়াধীন রয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ আর্থিক সনে রক্ষণাবেক্ষণ কাজের বিপরীতে প্রায় ৳ ৮,৬৩,৬৮,৬৮৯.৫১ টাকার (আট কোটি তেষট্টি লক্ষ আটষট্টি হাজার ছয়শত ঊননব্বই টাকা একান্ন পয়সা) কাজ সমাপ্ত হয়েছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কাজের বিপরীতে ৳ ২৩৪,২৪,০০,০০০.০০ টাকার (দুইশত চৌত্রিশ কোটি চব্বিশ লক্ষ টাকা) কাজ চলমান রয়েছে।

২০২১-২২ অর্থ বৎসরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরের গবেষণা অনুদান মঞ্জুরীকৃত ৮৯টি গবেষণা প্রকল্পসহ এ অর্থ বৎসরে গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরের অর্থায়নে মোট ২২০টি গবেষণা প্রকল্পের কার্যক্রম চলমান আছে। ২০২১-২০২২ আর্থিক সালে গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরের অর্থায়নে প্রকাশিত হয়েছে উদ্ভিদবিজ্ঞান বিভাগের প্রয়াত অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল হুদা এবং সহকারী অধ্যাপক জনাব মোহাম্মদ আবুল কাশেম এর যৌথভাবে রচিত "Phytochemistry of Medicinal Orchids" শীর্ষক একটি গ্রন্থ। এছাড়াও আরো ৪টি গ্রন্থ প্রকাশের কার্যক্রম চলমান আছে। বিগত অর্থ বছরে গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরের অর্থায়নকৃত প্রকল্পগুলি থেকে মোট ২৭টি প্রবন্ধ দেশী ও আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে। এছাড়াও 'মুজিববর্ষ' উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গবেষণা ও প্রকাশনা সেলের পরিচালক প্রফেসর ড. আব্দুল্লাহ আল ফারুকের সম্পাদনায় "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবন, আদর্শ ও কর্ম" এ শিরোনামে একটি সম্পাদিত গ্রন্থ প্রকাশ করার কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে আছে এবং অতিশীঘ্রই এটি সম্পাদিত গ্রন্থ আকারে প্রকাশিত হবে।

বিশ্ববিদ্যালয় Ranking বৃদ্ধির জন্য গবেষণা ও প্রকাশনা দপ্তরের যাবতীয় কার্যক্রম এবং বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বিগত ৫ বছরে প্রকাশিত প্রকাশনা সমূহ আইসিটি সেলের মাধ্যমে Research & Publication Cell এর ওয়েবসাইটে প্রকাশ করার কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া আমাদের বিশ্ববিদ্যালয় শিক্ষক ও গবেষকরা পৃথিবীর বিভিন্ন স্বনামধন্য প্রকাশনা প্রতিষ্ঠান থেকে অত্যন্ত সুনামের সাথে তাঁদের গবেষণার ফলাফল প্রকাশ করেছেন।

১৯৮৩ সাল হতে বনবিদ্যা ও পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট (তৎকালীন বনবিদ্যা ইনস্টিটিউট) এর নার্সারী ও প্ল্যান্টেশন ইউনিট কর্তৃক ১০ একর পতিত পাহাড়ি ভূমিতে প্রতিবছর প্রতি একরে ১০০০ চারা হিসাবে ১০,০০০ বৃক্ষের চারা রোপন করা হয়ে আসছে। ১৯৮৩ সাল হতে ২০২১ সাল পর্যন্ত মোট ৩৯ বছরে প্রতিবছর ১০,০০০ হারে (১০,০০০ × ৩৯) মোট ৩,৯০,০০০ (তিন লক্ষ নব্বই হাজার) টি গাছের চারা রোপন করা হয়েছে। এর মধ্য থেকে বিভিন্ন সময়ে প্রাকৃতিক দূর্যোগ, ভবন নির্মাণ, রাস্তা নির্মাণ, বাড়িঘর তৈরী, পাহাড়ি আগুনে পুড়ে যাওয়া, উপড়ে পড়া, মরে যাওয়া ইত্যাদি কারণে ক্ষতিগ্রস্থ গাছ নিলামে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত নিলাম কমিটির মাধ্যমে বিক্রি করে এ পর্যন্ত মোট ১,৪১,২৭,০৮৪/- (এক কোটি একচল্লিশ লক্ষ সাতাশ হাজার চুরাশি) টাকা বিশ্ববিদ্যালয়ের তহবিলে (STD-1 খাতে) জমা করা হয়েছে। এছাড়াও সংগৃহীত গাছ থেকে বিশ্ববিদ্যালয়ে ব্যবহারের জন্য চ.বি. প্রকৌশল দপ্তরের চাহিদা মোতাবেক ২০২১-২০২২ অর্থবছরে ১৫ ঘনফুটের মতো করাত কলের মাধ্যমে চেরাই কাঠ সরবরাহ করা হয়েছে যার মূল্যও যথানিয়মে (রাস্তা ও দালান মেরামত খাত থেকে) বিশ্ববিদ্যালয় তহবিলে জমা করা হবে। উল্লেখ্য যে, করোনার কারণে ও বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক আদেশে গাছ বিক্রি বন্ধ ছিল বিধায় উক্ত অর্থ বছরে আয় কম হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে বনবিদ্যা ও পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট এর নার্সারী ও প্ল্যান্টেশন ইউনিটের মোট আয় ২,১৩,৮৮০/- (দুই লক্ষ তেরো হাজার আটশত আশি) টাকা বিশ্ববিদ্যালয় তহবিলে (STD-1 খাতে) জমা করা হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর দেশের প্রথম একাডেমিক বিশ্ববিদ্যালয় জাদুঘর। শিক্ষা, অধ্যয়ন এবং দৃশ্যশিল্প উপভোগের উদ্দেশ্যে এ অঞ্চলের মানুষের এবং তার পারিপার্শ্বিক বস্তুগত ও অবস্তুগত ঐতিহ্য সংগ্রহ, সংরক্ষণ, গবেষণা, পারস্পরিক যোগাযোগ ও প্রদর্শনীর আয়োজন করাই এ জাদুঘরের মূল কাজ। বর্তমানে এখানে রয়েছে বহু প্রাচীন ও দুষ্প্রাপ্য ঐতিহাসিক নিদর্শনের ভাণ্ডার। এ সব প্রত্ন-সামগ্রী প্রাচীন, মধ্যযুগ ও বর্তমান সভ্যতার স্মারক রূপে গবেষকদের কাছে যথেষ্ট গুরুত্ব বহন করে। প্রতি বছর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্র-ছাত্রীসহ দেশ-বিদেশের বহু গবেষক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর পরিদর্শন ও প্রত্ন সামগ্রী ব্যবহার করে গবেষণা কার্য সম্পাদন করে থাকেন। জাদুঘরে প্রত্ন সামগ্রী সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন ও গবেষণা ছাড়াও প্রতি বছর আলোচনা

সভা, সেমিনার, বিশেষ প্রদর্শনী ও প্রকাশনাসহ নানা রকম অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। মহান মুক্তিযুদ্ধে বিজয়ের সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর ও চ.বি.বঙ্গবন্ধু চেয়ার এর উদ্যোগে ০১ থেকে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত মাসব্যাপী **মুক্তিযুদ্ধের দলিল প্রদর্শনীর** আয়োজন করা হয়। যা শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তিকে অনেকাংশে উজ্জ্বল করেছে। গণহত্যার ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর এবং ১৯৭১: গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর (খুলনা) এর যৌথ উদ্যোগে ২২ থেকে ৩১ মার্চ ২০২২ পর্যন্ত **'মুক্তিযুদ্ধের কার্টুন প্রদর্শনী'র** আয়োজন করা হয়। বিশ্ব জাদুঘর দিবস '২২ উদ্‌যাপন উপলক্ষ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর এর উদ্যোগে ১৮ মে ২০২২ তারিখে বিশ্ব জাদুঘর দিবস এর র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রেস প্রতি বছরের ন্যায় বিগত বছরেও ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রসহ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় গোপনীয় মুদ্রণ কাজ বাজার মূল্যের তুলনায় সাশ্রয়কৃত মূল্যে অত্যন্ত সফলতার সাথে সম্পন্ন করা হয়েছে। তাছাড়া বিভিন্ন বিভাগ, ইনস্টিটিউট, অধিভূক্ত মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজের চাহিদানুযায়ী প্রায় ২০২১-২০২২ অর্থ বৎসরে ১২,৩৭,০০০ (বার লক্ষ সায়ত্রিশ হাজার) টি পরীক্ষার খাতা, যাবতীয় টেবুলেশন শীট, মার্কশীট, প্রভিশনাল সার্টিফিকেট, এম.ফিল. ও পি-এইচ.ডি.'র মূল সনদপত্র, যাবতীয় ফরম, বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন সময়ে অনুষ্ঠিত সিনেট, সিন্ডিকেট, এফ.সি. সভা, সেমিনারের পোস্টার, ফোল্ডার, প্রসিডিংসহ বিভিন্ন বিভাগ দপ্তরের বিভিন্ন ধরনের লেজার, রেজিস্টার বই, লেটার হেড প্যাড, চ. বি. ল্যাবরেটরি স্কুল ও কলেজের সিলেবাস এবং স্কুল ডায়েরি মুদ্রণ করে সরবরাহ করা হয়েছে। বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী ও মুজিব বর্ষকে প্রতিপাদ্য করে ২০২১-২২ সনে চার রঙ-এর ৫০০টি ইংরেজি ডায়েরি মুদ্রণ করে বিগত ৩৩ তম সিনেট সভায় সম্মানিত সিনেট সদস্য ও বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে বিতরণ করা হয়েছে এবং ২০২২ সনের ৩৫০০টি ডায়েরি মুদ্রণ করে যথাযথভাবে সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়াও ২০২২ সনের ২০০০টি ডেস্ক ক্যালেন্ডার এবং ২০২২-২০২৩ সনের ৭০০০টি দেয়াল ক্যালেন্ডার, ২০০০টি টেবিল ক্যালেন্ডার মুদ্রণ কাজ সম্পন্ন হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের পরিবহন পুলে মোট ৩৩টি ছোট গাড়ী আছে তন্মধ্যে সচল আছে (নতুন ক্রয়সহ) ২৮টি ও অচল কিন্তু মেরামতযোগ্য আছে ০৫টি; মোটর সাইকেল আছে (অচল) ০১টি; বড় বাস আছে মোট- ৩১টি, তন্মধ্যে সচল আছে ২৪টি ও অচল কিন্তু মেরামতযোগ্য আছে ০৭টি। ২০২১-২০২২ আর্থিক সালে নতুন ০১ (এক)টি নোয়া মাইক্রোবাস, ০১ (এক)টি হাইএইচ মাইক্রোবাস ও ০১ (এক)টি এসি বাস ক্রয় করা হয়েছে যেগুলো রেজিস্ট্রেশনের জন্য অপেক্ষমান আছে। ২০২১-২০২২ আর্থিক সালে পরিবহন খাতে মোট আয় হয়েছে ১৬,১৪,৯৯৯/- (ষোল লক্ষ চৌদ্দ হাজার নয়শত নিরানব্বই) টাকা ও ২০২১-২০২২ আর্থিক সালে পরিবহন খাতে মোট ব্যয় হয়েছে ৬,৫৮,১৮,৪৫৯/- (ছয় কোটি আটান্ন লক্ষ আঠারো হাজার চারশত উনষাট) টাকা, এছাড়া শিক্ষার্থীদের পরিবহনের জন্য ব্যবহৃত রেলগাড়ীর ভাড়া ৪৩,৫৭,৩০৫/- (তেতাল্লিশ লক্ষ সাতান্ন হাজার তিনশত পাঁচ) টাকা বাংলদেশ রেলওয়েকে পরিশোধিত করা হয়েছে [করোনার কারণে পুরো বছর রেলগাড়ী না চলায় স্বাভাবিক অর্থের পরিমাণ থেকে কম]। ২০২২-২০২৩ আর্থিক সালে নতুন ০৮টি এসি বাস ও নতুন ০৬টি ছোট গাড়ি ক্রয়ের পরিকল্পনা আছে।

চ.বি. উদ্ভিদ উদ্যানে ৫১৬টি প্রজাতির উদ্ভিদ আছে। উদ্যানের গেইট সংস্কার করা হয়েছে। উদ্যানের গেইট হতে ঝাউ বাগান পর্যন্ত রাস্তার উপরে দৃষ্টিনন্দন টানেল সাদৃশ্য গেইট তৈরী করা হয়েছে। উদ্যানের দক্ষিণ পার্শ্বে ১টি মিশ্রফলের বাগান তৈরী করা হয়েছে। যেখানে ১১০টি বিভিন্ন প্রজাতির দেশী বিদেশী ফলের গাছ লাগানো হয়েছে। উদ্যানের অর্কিড হাউজে দেশী বিদেশী অর্কিড সংগ্রহ ও ক্রয় করে অর্কিড হাউজকে সমৃদ্ধ করা হয়েছে। এখানে ১২০টি দেশি ও ২৫ টি বিদেশি প্রজাতির অর্কিড বর্তমানে সংরক্ষিত আছে। উদ্যান অফিসের পাশের লেবু বাগান কে Citrus Garden Conservatory তে রূপান্তর করা হয়েছে। সেখানে ৩০ জাতের লেবু জাতীয় গাছ লাগানো হয়েছে। উদ্যানের পশ্চিম পাশে ২টি Ring Garden তৈরী করা হয়েছে যেখানে বিভিন্ন প্রজাতির দূর্লভ Herbs জাতীয় উদ্ভিদ লাগানো হয়েছে। Shrub বাগানে একটি বাগানবিলাসের ব্লক করা হয়েছে। সেখানে বিভিন্ন জাত ও রং এর ২৪টি বাগানবিলাস লাগানো হয়েছে। উদ্যানের পশ্চিম পাশে বিবিধ বাগানকে বর্ধিত করে সেখানে বিভিন্ন প্রজাতির ১০০০টি চারা লাগানো হয়েছে। উদ্যানের পূর্ব পার্শ্বের পাহাড়ে গর্জন বাগান সৃষ্টির লক্ষে ২০০টি গর্জন চারা লাগিয়ে গ্যাপ পূরণ করা হয়েছে। গত বছর উদ্যানের বিভিন্ন স্থানে বিভিন্ন প্রজাতির ১৮০০টি গাছের চারা লাগানো হয়েছে।

দেশব্যাপী কোভিড-১৯ মহামারীর কারনে আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া সংস্থা ২০২১-২০২২ সেশনে কোন খেলাধুলার আয়োজন করেনি। ফলে গত সেশনে জাতীয়, আন্তঃবিশ্ববিদ্যালয় ও অভ্যন্তরীণ কোন খেলাধূলা হয়নি। উল্লেখ্য যে, দেশ ও আন্তর্জাতিক ক্রীড়াঙ্গণে দীর্ঘ অবদানের স্বীকৃতি স্বরূপ ভারতের Global Human Peace University গত ১৮/৬/২০২২ তারিখ চ.বি. শারীরিক শিক্ষা বিভাগের উপ-পরিচালক জনাব সিরাজউদ্দিন মোঃ আলমগীর সাহেবকে অনারারী ডক্টরেট ডিগ্রী প্রদান করেছে।

চ.বি. বিএনসিসিতে সেনা, নৌ ও বিমান, তিনটি শাখা মিলে প্রায় ৫০০ (পাঁচশত) ক্যাডেট নিয়োজিত রয়েছেন এবং বিএনসিসির প্রাত্যহিক কার্যক্রম চলমান রয়েছে। এই সংগঠনের কার্যক্রম নিম্নরূপ:-

১। **প্রশিক্ষণ কার্যক্রম:** প্রতি সপ্তাহে ২দিন প্যারেড ও ক্লাস অনুষ্ঠিত হয়। স্বল্প মেয়াদি (৭ থেকে ১০ দিন ব্যাপী) প্রশিক্ষণ কোর্সের মধ্যে রয়েছে এ্যানুয়াল ট্রেনিং ক্যাম্প (এটিসি) বছরে ২(দুই)টি। দীর্ঘমেয়াদী (১৫ থেকে ২০ দিন ব্যাপী) প্রশিক্ষণ কোর্সের মধ্যে রয়েছে বার্ষিক প্রশিক্ষণ ক্যাম্প, কম্বাইন্ড ক্যাম্প (সাভারে অনুষ্ঠিত), জাতীয় প্যারেড (ঢাকায়), শীতকালীন প্রশিক্ষণ

(ক্যান্টনমেন্টে সেনাবাহিনীর সাথে), এ্যাডভেঞ্চার টেনিং ইত্যাদি। এছাড়াও ২০২১-২০২২ আর্থিক সনে চ.বি. বিএনসিসি ক্যাডেটদের জন্য একটি কম্পিউটার ল্যাব তৈরী সম্ভব হয়েছে যার ফলশ্রুতিতে ক্যাডেটরা কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে তথ্য প্রযুক্তিগত দিকে নিজেদের সক্ষম করে গড়ে তুলছে।

২। **জনকল্যাণমূলক কাজ:** প্রাথমিক চিকিৎসা প্রদান, অগ্নি নির্বাপন কৌশল শিক্ষা, ট্রাফিক প্রশিক্ষণ, পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা, দুর্যোগ ব্যবস্থাপনা ও পুনর্বাসন সম্পর্কে জ্ঞান প্রদান, ইত্যাদি জনকল্যাণমূলক কাজের প্রশিক্ষণ ক্যাডেটদেরকে দেয়া হয় এবং প্রয়োজনে প্রশিক্ষিত ক্যাডেটদের মাঠ পর্যায়ে কাজে লাগানো হয়। বর্তমান করোনাকালীন পরিস্থিতিতে আমাদের চ.বি. বিএনসিসি'র ক্যাডেটরা জীবন বাজি রেখে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ কাজের অংশীদার হিসাবে চট্টগ্রাম শহরের বিভিন্ন জনসমাগম এলাকা তথা গুরুত্বপূর্ণ স্থানে মাস্ক, স্যানিটাইজার ও জনসচেতনতামূলক লিফলেট বিতরণ সহ করোনা মোকাবেলায় যথেষ্ট অবদান রেখেছে।

উপরোল্লিখিত কর্মকাণ্ড সমূহ যথাক্রমে রেজিমেন্ট, ফ্লোটিলা ও স্কোয়াড্রন তথা বিএনসিসি অধিদপ্তর কর্তৃক নির্দেশিত নিয়ম ও আদেশ অনুযায়ী সম্পাদিত হয়। এছাড়া বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষাসহ জাতীয় দিবস সমূহে বিশ্ববিদ্যালয় প্রশাসনের চাহিদা মোতাবেক ক্যাডেটগণ বিভিন্ন প্রোগ্রামে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে থাকে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠানে ক্যাডেটগণ শৃংখলা রক্ষার দায়িত্ব পালন করে এবং বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রীয় বিশিষ্ট কোন অতিথির আগমন উপলক্ষ্যে গার্ড অব অনার প্রদান করে থাকে।

বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের আর্থিক সহযোতিয় 3rd Advanced Training course on Research Techniques in Social and Applied Scineces 2021 (সামাজিক ও ফলিত বিজ্ঞানে উচ্চতর গবেষণা পদ্ধতি বিষয়ে ৩য় প্রশিক্ষণ কোর্স ২০২১) বিষয়ে **১৫** দিন ব্যাপী প্রশিক্ষণ কোর্স চ.বি. জামাল নজরুল ইসলাম গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্রে ০৩ নভেম্বর থেকে ০৮ ডিসেম্বর **২০২১** অনুষ্ঠিত হয়েছে। এ কোর্সে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রায় ৫০ জন শিক্ষক, ছাত্র ও গবেষকসহ মোট **১৩০** জন অংশগ্রহণ করেন। আমি আনন্দের সাথে জানাচ্ছি যে, জামাল নজরুল ইসলাম গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্রের উদ্যোগে **১ম** জামাল নজরুল ইসলাম তরুণ গবেষক সম্মেলন বিগত **২১** মে **২০২২** তারিখে চ.বি. ব্যবসায় প্রশাসন অনুষদ ভবনে অনুষ্ঠিত হয়েছে। এ সম্মেলনে বাংলাদেশের সরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি বিশ্ববিদ্যালয়, এনজিও ও বিভিন্ন গবেষণা কেন্দ্রসহ সর্বমোট ৭৫টি প্রতিষ্ঠানের ৫২৪ জন গবেষক স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন এবং বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তিকে উজ্জ্বল করেন। জামাল নজরুল ইসলাম গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্রে বর্তমানে পি-এইচ.ডি. গবেষণারত ০৪ (চার) জন, এম.ফিল. গবেষণারত ০৪ (চার) জন ও এম.এস. পর্যায়ে **১৪** (চৌদ্দ) জন গবেষক ও ছাত্র-ছাত্রী আছে।

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু হলো গ্রন্থাগার। ৫৬,৭০০ বর্গফুট আয়তন বিশিষ্ট চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারটি এ অঞ্চলের সর্ববৃহৎ, অত্যাধুনিক ও সমৃদ্ধশালী গ্রন্থাগার। বর্তমানে এর সংগ্রহে প্রায় চার লক্ষ বই-পুস্তক, জার্নাল ইত্যাদি আছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের সেবা প্রদানের উদ্দেশ্যে এটি দু'টি শিফটে রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ৮:০০ টা থেকে রাত ৯:০০ টা পর্যন্ত খোলা থাকে। এছাড়াও কর্তৃপক্ষের সিদ্ধান্তনুযায়ী বর্তমানে সপ্তাহের প্রতি শনিবার সকাল ৯:০০ টা থেকে দুপুর ৩:০০ টা পর্যন্ত পাঠকক্ষসমূহ খোলা রাখা হচ্ছে। ২০২১-২০২২ আর্থিক সালে বই ক্রয়ের জন্য বরাদ্দকৃত ৩৮,০০,০০০/- (আটত্রিশ লক্ষ) টাকার মধ্যে ৩২,৮০,০০০/-(বত্রিশ লক্ষ আশি হাজার) টাকা স্ব-স্ব অনুষদের ডিন মহোদয়দের মাধ্যমে বিভাগ, ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রসমূহে বন্টন করে দেয়া হয়েছে। এছাড়াও Remote Xs সফটওয়্যার নবায়ন করা হয়েছে। যার মাধ্যমে সম্মানিত শিক্ষক, গবেষকগণ ও শিক্ষার্থীরা ই-রিসোর্স এর Off Campus সুবিধা পাচ্ছেন। উল্লেখ্য যে, জাতির জনক বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে মাননীয় উপাচার্য মহোদয়ের বিশেষ অনুদান হিসেবে প্রাপ্ত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকায় বঙ্গবন্ধু কর্নারের জন্য বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর রচিত নতুন বই সংগ্রহ করা হয়েছে। গ্রন্থাগারে পাঠকের চাহিদার উপর গুরুত্ব আরোপ করে দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের ন্যায় এ বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারেও আন্তর্জাতিক মানের Software Koha চালু রয়েছে। গ্রন্থাগারের Web page (OPAC) এর মাধ্যমে গ্রন্থাগারে সংগৃহীত বইয়ের Bibliographical information পাওয়া যাচ্ছে। ইউজিসি ডিজিটাল লাইব্রেরি কনসোর্টিয়াম এর মাধ্যমে সাবস্ক্রাইবকৃত JSTOR, Emerald, ACM, IEE এর ই-জার্নাল **ও** Emerald, Cambridge University Press, McGraw Hill, Oxford University Press, Pearson, Sage, Springer, T&T, World Scientific, Wiley এর ই-বুক এক্সেস সুবিধাদি বর্তমানে কার্যকর রয়েছে। গ্রন্থাগারের রিডিং রুমসমূহের জন্য **১০**টি বুক সেল্‌ফ ও **১০**টি পেপার সেল্‌ফ ক্রয় এবং প্রিন্টারসহ **১**টি কম্পিউটার ও **১**টি এ.সি. ক্রয় করা হয়েছে।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর নির্দেশনা মোতাবেক বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও প্রশাসনিক কাজের গুণগতমান নিশ্চিতকরণ, উত্তরোত্তর বৃদ্ধি এবং বিশ্বের অন্যান্য দেশগুলোর সাথে সামঞ্জস্য রাখার লক্ষ্যে কোয়ালিটি এস্যুরেন্স প্রক্রিয়া চলমান রাখতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে Institutional Quality Assurance Cell (IQAC) কাজ করছে। এছাড়া ইউজিসি ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃকপক্ষের নির্দেশনা মোতাবেক IQAC Annual Performance Agreement (APA) এর আওতাধীন বিভিন্ন প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করছে। IQAC 2021-2022 বছরে নিম্নের অনুষ্ঠানগুলো আয়োজন করেছে Workshop on How to Utilize Virtual Labs Facilities, Discussion on Outcome-Based Education, Meeting on the progress of Outcome-Based Education (OBE), Curriculum and Accreditation Criteria;

A Preparatory meeting for Poster Presentation of unpublished research works, Three training workshops (Faculty- wise) on Outcome-Based Education (OBE), Discussion on OBE and BAC documents preparation, Poster Exhibition on unpublished research by Faculty and Students প্রশিক্ষণ কর্মশালা (অনুষদ ভিত্তিক) ৪টি, চ.বি. অফিসারদের জন্য Team Work, Organizational Behavior and Office Management বিষয়ের উপর ৩টি প্রশিক্ষণ কর্মশালা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা, 'তথ্য অধিকার কর্মপরিকল্পনা' ও 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা' (অনুষদ ভিত্তিক ২টি) এবং 'ই-গভর্ন্যান্স' ও 'ইনোভেশন কর্মপরিকল্পনা' (অনুষদ ভিত্তিক ২টি) শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা।

চ.বি. মেডিকেল সেন্টারের বাইরে-ভিতরে সৌন্দর্য্য বর্ধন করে স্বাস্থ্য সেবার সুন্দর পরিবেশ নিশ্চিত করা হয়েছে। করোনা মহামারী সময়ে চ.বি. চিকিৎসা কেন্দ্রের সকল ডাক্তার ও সেবাদান কার্যক্রমে নিয়োজিত সকলকেই স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী পরিধান করেছেন। COVID-19 আক্রান্ত রোগীর সেবাদান কল্পে ১৩ (তের) শয্যা বিশিষ্ট COVID-19 Primary Care Centre স্থাপন কার্যক্রম সম্পন্ন হয়েছে। COVID-19 সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষিত ডাক্তারসহ অন্যান্য জনবল নিয়োগ কার্যক্রম চলমান আছে। ০২ টি নতুন এ্যাম্বুলেন্স সংযোজন প্রক্রিয়া চালু আছে। প্যাথলজিক্যাল ল্যাবের আধুনিকায়নের কাজ যেমনঃ অটো-এনালাইজার, সেলকাউন্টার মেশিন, ই.সি.জি. মেশিন, অটোক্লেব মেশিন ও সাকার মেশিনসহ আধুনিক অন্যান্য যন্ত্রপাতি সংগ্রহ ও সংযোজন করা হয়েছে। অসুস্থ ছাত্র-ছাত্রীদের সিক বেডে পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও দিন রাত ২৪ ঘন্টা নিয়মিত ও জরুরী সেবাপ্রদান অব্যাহত আছে; অসুস্থ রোগীদের জন্য ২৪ ঘন্টা এ্যাম্বুলেন্স সেবা চালু আছে; ছাত্র-ছাত্রীদেরকে বিনামূল্যে ঔষধ সরবরাহ করা (ঔষধ মজুদ থাকা সাপেক্ষে) অব্যাহত আছে। চ.বি. চিকিৎসা কেন্দ্রে সেন্ট্রাল অক্সিজেন সিষ্টেম চালুকরণ প্রক্রিয়া প্রায় সমাপ্তির পথে। পরবর্তী পর্যায়ে I.C.U/C.C.U Unit চালুর ব্যবস্থা করণ এবং X-Ray Unit স্থাপন প্রক্রিয়া চলমান আছে। গণ সচেতনতা বৃদ্ধি এবং স্বাস্থ্য সেবার মানোন্নয়নের লক্ষ্যে বিনা মূল্যে মেডিকেল চ.বি. সেন্টারে চক্ষু চিকিৎসা শিবির কর্মসূচী সময়ে সময়ে সম্পন্ন করা হয়ে থাকে। এছাড়াও চ.বি. চিকিৎসা কেন্দ্রে ২৪ ঘন্টা মেডিসিন, গাইনি ও অন্যান্য ইমার্জেন্সি সেবা, প্যাথলজির মাধ্যমে রুটিন পরীক্ষা-নিরীক্ষা সেবা, আল্ট্রাসনোগ্রাম সেবাদান কার্যক্রম, ফিজিওথেরাপি এন্ড স্পোর্টস ইঞ্জুরি রিহ্যাব ইউনিটের কার্যক্রম ও কাউন্সিলিং কার্যক্রম প্রভৃতি সেবা প্রদান করে থাকে।

<u>**তারিখ ভিত্তিক কার্যক্রম নিম্নে উল্লেখ করা হলো ঃ**</u>

১৯৭৫ সালের ১৫ আগষ্ট ঘাতকদের হাতে নির্মমভাবে শহীদ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর রাজনীতিতে প্রেরণাদানকারী সহধর্মিনী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব এবং তাঁর পরিবারের অন্যান্য সদস্যসহ ১৫ আগষ্টের সকল শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে শোকাবহ আগস্টের প্রথম দিনে (০১.০৮.২০২১) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন ও বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে শোক জ্ঞাপক ড্রপডাউন ব্যানার স্থাপন করা হয়।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এর ৯১ তম জন্মবার্ষিকী উপলক্ষে ৮ আগস্ট ২০২১ চবি বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের উদ্যোগে হল প্রাঙ্গনে বঙ্গমাতার ম্যুরাল উন্মোচন ও পুস্পস্তবক অর্পণ করে বঙ্গমাতার প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। একই দিন সন্ধ্যা ৭:৩০ টায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এর ৯১ তম জন্মবার্ষিকী উপলক্ষে চবি প্রশাসনের উদ্যোগে "বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব : রাজনীতির নেপথ্য শিল্পী" শীর্ষক এক ভার্চুয়াল সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন চবি কলা ও মানববিদ্যা অনুষদের তৎকালীন ডিন প্রফেসর ড. মহীবুল আজিজ।

সেন্টার ফর এশিয়ান স্টাডিজ, চবি রাজনীতি বিজ্ঞান বিভাগ ও মিনিস্ট্রি অব ফরেন এ্যাফেয়ার্স, জাপান এর যৌথ উদ্যোগে দু'দিন ব্যাপি (১১-১২ আগস্ট ২০২১) 'জাপান লেকচার সিরিজ' শীর্ষক ওয়েবিনার ১১ আগস্ট ২০২১ দুপুর ১:৩০ টায় শুভ উদ্বোধন হয়। চবি সেন্টার ফর এশিয়ান স্টাডিজ এর পরিচালক ও চবি রাজনীতি বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. ভূঁইয়া মোঃ মনোয়ার কবীর এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন জাপানের রাষ্ট্রদূত মি. ইতো নাওকি, জাপানের ওয়াসেদা ইউনিভার্সিটির প্রফেসর ইমেরিটাস মি. সুজিরো উরাতা।

১৫ আগস্ট ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধুর ৪৬ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সহিত পালিত হয়েছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক ঐদিন বেলা ১১:৩০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয় ও বঙ্গবন্ধু চত্বরে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জাতীয় শোক দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধুসহ ১৫ আগস্ট শাহাদাত বরণকারী অন্যান্য শহীদদের রুহের মাগফেরাত কামনা করে যোহরের নামাজের পর বিশ্ববিদ্যালয়ের সকল মসজিদে দোয়া মাহফিল ও বিশেষ মোনাজাত এবং দুপুর ১২:৩০ টায় চবি কেন্দ্রীয় মন্দিরে ১৯৭৫ এর ১৫ আগষ্ট ঘাতকদের হাতে নির্মমভাবে নিহত বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যসহ অন্যান্য শহীদ এবং দেশের অব্যাহত অগ্রগতি ও মঙ্গল কামনায় গীতাপাঠ অনুষ্ঠিত হয়। দুপুর ১২:১৫ টায় চবি এ এফ রহমান হলের উদ্যোগে হল প্রাঙ্গনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরাল উন্মোচন করা হয় এবং ম্যুরাল উন্মোচন শেষে বিশেষ দোয়া ও মুনাজাত অনুষ্ঠিত হয়। একই দিন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৬তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস

উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ভার্চুয়াল মাধ্যমে বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম.পি. এবং সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিষ্টার মহিবুল হাসান চৌধুরী এম.পি.।

ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং কমনওয়েলথ এডুকেশনাল মিডিয়া সেন্টার ফর এশিয়া (সিইএমসিএ), নয়াদিল্লী, ভারত এর যৌথ উদ্যোগে 'Virtual Labs' শীর্ষক তিনদিন ব্যাপি (২৩-২৫ আগস্ট ২০২১) অনলাইন কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠান ২৩ আগস্ট ২০২১ বেলা ১১:০০ টায় অনুষ্ঠিত হয়। এতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ছাড়াও বক্তব্য রাখেন ভারতের সিইএমসিএ'র পরিচালক প্রফেসর মাধু পারহার এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মোস্তফা আজাদ কামাল। অনুষ্ঠানে রিসোর্স পার্সন হিসেবে বক্তব্য রাখেন ভারতের অমৃতা বিশ্ব বিদ্যাপিঠম-ভ্যালু ভার্চুয়াল ল্যাব এর প্রজেক্ট ম্যানেজার জনাব স্যানেশ পি.এফ. এবং অনুষ্ঠানটি সমন্বয় করেন ভারতের সিইএমসিএ-এর সিনিয়র প্রোগ্রাম অফিসার ড. সিফন চ্যাটার্জি।

৮ সেপ্টেম্বর ২০২১ ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উপসচিব জনাব মোঃ সাখাওয়াৎ হোসেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে 'শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার' স্থাপনের ভূমি পরিদর্শনে আসেন। পরিদর্শন শেষে দুপুর ১২:৩০ টায় আমার সাথে আমার অফিস কক্ষে এক মতবিনিময় সভায় মিলিত হন।

৯ সেপ্টেম্বর ২০২১ দুপুর ২:৩০ ঘটিকায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিবহন দপ্তরে বিদ্যমান গাড়ীসমূহ রাখার জন্য নতুন শেড নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) **'চতুর্থ শিল্প বিপ্লবঃ বাংলাদেশে টেকসই উন্নয়নের জন্য ব্যবসার পুনর্গঠন'** শিরোনামে দুদিনব্যাপি জাতীয় সম্মেলন গত ১৭-১৮ সেপ্টেম্বর ২০২১ অনলাইনে অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনটির আয়োজন করে চবি'র ব্যবসায় প্রশাসন অনুষদের ব্যুরো অব বিজনেস রিসার্চ। এই সম্মেলনে পৃষ্ঠপোষকতা করেন চিটাগং ইউনিভার্সিটি সেন্টার ফর বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (সিইউসিবিএ) ও হাইডেলবার্গ সিমেন্ট বাংলাদেশ লিমিটেড। ব্যুরোর চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ সেলিম উদ্দিনের সভাপতিত্বে ১৭ সেপ্টেম্বর বিকাল ৪:০০ টায় ভার্চুয়ালি অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ছাড়াও অন্যান্যদের মাঝে সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য প্রফেসর ড. মোহাম্মদ আবু তাহের। সম্মেলনে মূখ্য আলোচক হিসেবে বক্তব্য প্রদান করেন মোবাইল ফোন অপারেটর রবি আজিয়াটার ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জনাব মাহতাব উদ্দিন আহমেদ।

২৫ সেপ্টেম্বর ২০২১ তারিখ বেলা ১১:০০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ড. এ আর মল্লিক ভবনে যথাযথ স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব মেনে অনুষ্ঠিত চবি সিনেট এর ৩৩ তম বার্ষিক সভা অনুষ্ঠিত হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী অনুষ্ঠানমালার অংশ হিসেবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে ২৬ সেপ্টেম্বর ২০২১ রবিবার বেলা ১১:০০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় নজরুল গবেষণা কেন্দ্রের উদ্যোগে 'বঙ্গবন্ধু ও নজরুল' শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। চবি কলা ও মানববিদ্যা অনুষদের তৎকালীন ডিন প্রফেসর ড. মহীবুল আজিজ এর সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলা একাডেমির মহাপরিচালক বিশিষ্ট কবি মুহম্মদ নূরুল হুদা এবং আলোচক হিসেবে বক্তব্য রাখেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক ড. মুনতাসীর মামুন।

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ৭৫তম জন্মদিন উপলক্ষ্যে ২৮ সেপ্টেম্বর ২০২১ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসন দিনব্যাপি নানান কর্মসূচি পালন করেছে। কর্মসূচির অংশ হিসেবে দুপুর ১২:০০ টায় প্রধান অতিথি হিসেবে অনলাইনে সংযুক্ত থেকে চবিতে নব নির্মিত বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এম.পি.। অনলাইনে সংযুক্ত থেকে বিশেষ অতিথির বক্তব্য প্রদান করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এম.পি.।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে কোভিড-১৯ শনাক্তকরণ ল্যাবের জন্য চবি এলামনাই এসোসিয়েশনের পক্ষ থেকে একটি আরটি-পিসিআর মেশিন প্রদান করা হয়েছে। ২রা অক্টোবর ২০২১ বিকেল ৪:৩০ টায় চট্টগ্রাম ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে এসোসিয়েশনের সভাপতি জনাব মোঃ আবদুল করিম, সাধারণ সম্পাদক জনাব মাহবুবুর আলমসহ অন্যান্য নেতৃবৃন্দ আমার কাছে তা হস্তান্তর করেন।

বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস ২০২১ উদযাপন উপলক্ষে ১০ অক্টোবর ২০২১ বেলা ১১:০০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় মনোবিজ্ঞান বিভাগের উদ্যোগে অনলাইন প্লাটফর্মে 'বৈষম্যপূর্ণ বিশ্বে মানসিক স্বাস্থ্য' শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। চবি মনোবিজ্ঞান বিভাগের সভাপতি জনাব বিপ্লব কুমার দে-এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান আলোচক ছিলেন হিলিং হার্ট কাউন্সেলিং ইউনিট এর পরিচালক ড. লিপি গ্লোরিয়া রোজারিও।

১৬ অক্টোবর ২০২১ সকাল ১০:৩০ টায় চবি মেডিকেল সেন্টারে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীদের জন্য চবি ক্যাম্পাসে করোনার গণটিকা কার্যক্রম শুরু করা হয়। চবি চিফ মেডিকেল অফিসার (ভারপ্রাপ্ত) ডাঃ মোহাম্মদ আবু তৈয়ব এর সভাপতিত্বে এবং সঞ্চালনায় অনুষ্ঠানে চ.বি. সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়া আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন হাটহাজারী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আবু সৈয়দ মোহম্মদ ইমতিয়াজ হোসাইন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর ৫৮ তম জন্মদিন 'শেখ রাসেল দিবস' চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে ১৮ অক্টোবর ২০২১ তারিখ উদযাপন করা হয়। এ উপলক্ষে দুপুর ১২:৩০ টায় আমার দপ্তরে চবি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের শিশুদের সাথে নিয়ে কেক কাটা হয়।

করোনা মহামারীর জন্য দীর্ঘ ঊনিশ মাস বন্ধ থাকার পর কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ১৮ অক্টোবর ২০২১ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ খুলে দেয়া হয়।

জাতিসংঘ কর্তৃক বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এস.ডি.জি. অগ্রগতি পুরস্কার পাওয়ায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে "টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, বাংলাদেশের উন্নয়ন ও সরকারের ভূমিকা" শীর্ষক এক বিশেষ সেমিনার ১৯ অক্টোবর ২০২১ দুপুর ১২:০০ টায় চবি উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে ভার্চুয়্যালি বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী কার্যালয়ের মাননীয় মুখ্য সচিব ও চবি এলামনাই ড. আহমদ কায়কাউস। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন চবি আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ আবুল হোসাইন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে আভ্যন্তরীণ আইন-শৃংখলা নিয়ন্ত্রণ বিষয়ে এক মতবিনিময় সভা ২১ অক্টোবর ২০২১ তারিখ বেলা ১১:৩০ টায় চবি প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে বিভিন্ন ইউনিট ভিত্তিক ভর্তি পরীক্ষা সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নির্বিঘ্ন পরিবেশে সুসম্পন্ন করার লক্ষ্যে চট্টগ্রাম জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, র‌্যাব, রেলওয়ে কর্তৃপক্ষ, হাটহাজারী উপজেলা প্রশাসন, পিডিবি, সড়ক ও জনপথ বিভাগ, ট্রাফিক বিভাগ এবং ফায়ার সার্ভিস সহ সংশ্লিষ্ট সকল সংস্থার যৌথ সমন্বয়ে এক মতবিনিময় সভা ২৪ অক্টোবর ২০২১ বেলা ১১:০০ টায় বর্তমান উপাচার্যের সভাপতিত্বে উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। এতে চবি মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর বেনু কুমার দে উপস্থিত ছিলেন।

জাতিসংঘের একাডেমিক ইমপ্যাক্ট (ইউএনএআই) এবং মিলেনিয়াম ক্যাম্পাস নেটওয়ার্ক (এমসিএন) এর যৌথ উদ্যোগে আয়োজিত শিক্ষা কার্যক্রম 'মিলেনিয়াম ফেলোশিপ ২০২১' এ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রথমবারের মতো নির্বাচিত হয়েছে। এ ফেলোশিপটি অর্জন করার মাধ্যমে বাংলাদেশও প্রথমবার মিলেনিয়াম ফেলোশিপের যাত্রা শুরু করেছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১১ জন শিক্ষার্থীর কাজের সামাজিক প্রভাব এবং সমাজের কল্যাণের প্রতি প্রতিশ্রুতি এবং উৎসাহ তাদেরকে ২০২১ সালের মিলেনিয়াম ফেলোশিপ ক্লাসের জন্য নির্বাচিত করেছে। নির্বাচিত শিক্ষার্থীরা মিলেনিয়াম ফেলো হিসেবে ৫টি সামাজিকভাবে মর্যাদাপূর্ণ প্রভাবক্ষম প্রোগ্রামে চট্টগ্রাম ও বাংলাদেশের প্রতিনিধিত্ব করবে। 'মিলেনিয়াম ফেলোশিপ ২০২১' এ নির্বাচিত শিক্ষার্থীবৃন্দ ২৫ অক্টোবর ২০২১ বিকেল ৪:০০ টায় আমার সাথে আমার অফিস কক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন।

২৭ অক্টোবর ২০২১ তারিখ থেকে ৫ নভেম্বর পর্যন্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে বিভিন্ন অনুষদের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার কার্যক্রম অত্যন্ত সুচারুভাবে সম্পন্ন হয়। করোনা ভাইরাসের প্রকোপের কারণে সামাজিক দূরত্ব বজায় রাখাসহ বিভিন্ন স্বাস্থ্যবিধি মানার জন্য পরীক্ষার সংখ্যা বিবেচনায় রেখে বিভিন্ন শিফটে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে সনাতন ধর্মাবলম্বীদের শ্যামা পূজা অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে ৪ নভেম্বর ২০২১ সন্ধ্যা ৭:০০ টায় চবি কেন্দ্রীয় হিন্দু মন্দির প্রাঙ্গনে এক ধর্মীয় সভা অনুষ্ঠিত হয়।

মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদ্‌যাপনের অংশ হিসেবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় 'বঙ্গবন্ধু চেয়ার' এর উদ্যোগে এক বছরের প্রাথমিক কর্মপরিকল্পনা নিয়ে এক মতবিনিময় সভা ৭ নভেম্বর ২০২১ বেলা ১১:০০টায় চবি উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভার শুরুতে চবি 'বঙ্গবন্ধু চেয়ার' প্রফেসর ড. মুনতাসীর মামুন প্রাথমিক এ কর্মপরিকল্পনা উপস্থাপন করেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান এবং ইঞ্জিনিয়ারিং অনুষদভুক্ত তরুণ শিক্ষকদের জন্য 'Writing Research Papers and Project Proposals' শীর্ষক এক কর্মশালা ৯ নভেম্বর ২০২১ সকাল ১০:০০ টায় চবি ইঞ্জিনিয়ারিং অনুষদের ভার্চুয়্যাল ক্লাশ রুমে অনুষ্ঠিত হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন অনুষদের শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট অন্যান্য অনুষদের শিক্ষার্থীদের জন্য ইন্ডাষ্ট্রী ইনডাকশন এবং চেম্বার এটাচ প্রোগ্রাম চালুর বিষয়ে চবি ব্যুরো অব বিজনেস রিসার্চ (বিবিআর) এবং দ্যা চিটাগং চেম্বার অব কমার্স

এন্ড ইন্ডাষ্ট্রীর ইনিশিয়েটিভ বাংলাদেশ সেন্টার অব এক্সিলেন্স (বিসিই) এর মধ্যে এক সমঝোতা (MOU) চুক্তি ১৩ নভেম্বর ২০২১ বিকেল ৩:০০ টায় চট্টগ্রাম ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের চেম্বার কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

১৬ নভেম্বর ২০২১ দুপুর ১:৩০ টায় আমার দপ্তরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পদার্থবিদ্যা বিভাগের শিক্ষকবৃন্দের মধ্যে শিক্ষাদানের দক্ষতা, বিভাগে দীর্ঘকাল শিক্ষকতা ও গবেষণা কর্মে অবদানের ভিত্তিতে উক্ত বিভাগের ৭ জন শিক্ষককে ২০১১ সাল হতে ২০১৭ সালের জন্য প্রফেসর ড. সুলতানা এন নাহার 'বেস্ট টিচিং এওয়ার্ড' প্রদান করা হয়েছে। এওয়ার্ড প্রাপ্ত শিক্ষকবৃন্দ হলেন প্রফেসর ড. অরুণ কুমার দেব, প্রফেসর ড. মোবাশ্বের আহমেদ, প্রফেসর ড. মিহির কুমার রায়, প্রফেসর ড. দিল আফরোজ বেগম, প্রফেসর ড. মোঃ মোয়াজ্জেম হোসেন মিয়া, প্রফেসর ড. দেব প্রসাদ পাল এবং প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম।

১৮ নভেম্বর ২০২১ তারিখ '৫৬তম চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় দিবস' দিনব্যাপি বিভিন্ন কর্মসূচির মাধ্যমে মহাসমারোহে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উদযাপিত হয়েছে। এ উপলক্ষে সকাল ১০:৩০ টায় চবি কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে বেলুন-ফেস্টুন উড়িয়ে এবং শান্তির প্রতীক পায়রা অবমুক্ত করে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করা হয়। এরপর সুসজ্জিত ব্যান্ড দলের ব্যান্ডের সুরের মূর্ছনায় শুরু হয় আনন্দ শোভাযাত্রা। আনন্দ শোভাযাত্রা চবি বঙ্গবন্ধু চত্বরে এসে শেষ হয়। এরপর চবি বঙ্গবন্ধু চত্বরে বিশ্ববিদ্যালয় পরিবার এবং অতিথিবৃন্দদের সাথে নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়। বেলা ১১:০০ টায় চবি জারুলতলায় অনুষ্ঠানের প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী ও চবি এলামনাই ড. হাছান মাহমুদ এম.পি. এবং বিশ্ববিদ্যালয় পরিবার ও অতিথিদের সাথে নিয়ে ৫৬ তম চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় দিবসের কেক কাটেন। বেলা ১১:৩০ টায় অনুষ্ঠিত হয় আলোচনা ও স্মৃতিচারণ সভা। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন মাননীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ, এম.পি.। সশরীরে বিশ্ববিদ্যালয় পরিবারের ব্যক্তিবর্গ ছাড়াও অনুষ্ঠানে অনলাইনে যুক্ত হয়ে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের সভাপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর সাবেক মুখ্য সচিব জনাব আবদুল করিম এবং সাধারণ সম্পাদক চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রীর প্রেসিডেন্ট জনাব মাহবুবুল আলম। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চবি সাবেক উপাচার্য প্রফেসর ড. এম বদিউল আলম, সাবেক উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, সাবেক উপাচার্য (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ আলাউদ্দিন, সাবেক উপ-উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ শামসুদ্দিন, সাবেক চাকসু ভিপি জনাব মাজহারুল হক শাহ ও চাকসু ভিপি জনাব নাজিম উদ্দিন। অনুষ্ঠানে 'বিশ্ববিদ্যালয় : বিশ্ববিদ্যাভাবনা' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন চবি কলা ও মানববিদ্যা অনুষদের তৎকালীন ডিন প্রফেসর ড. মহীবুল আজিজ।

আউটকাম বেসড এডুকেশন (OBE) এবং বাংলাদেশ অ্যাক্রিডিটেশন কাউন্সিল কর্তৃক নির্ধারণ করা ৬৩টি মানদণ্ড নিয়ে Institutional Quality Assurance Cell (IQAC), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের সভাপতি ও ইনস্টিটিউটের পরিচালকদের নিয়ে এক মতবিনিময় সভা ২১ নভেম্বর ২০২১ বেলা ১১:০০ টায় বিশ্ববিদ্যালয়ের আইসিটি ভবনের ভার্চুয়্যাল ক্লাসরুমে অনুষ্ঠিত হয়। আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আবুল হোসাইনের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের ৫৪ টি বিভাগের সভাপতি ও ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের ২০২১-২০২২ অর্থবছরের আয়করের চার কিস্তির সর্বশেষ কিস্তি বাবদ সর্বমোট ১ কোটি ৭৫ হাজার ৯২১ টাকার একটি চেক ২৫ নভেম্বর ২০২১ বেলা ৩:৩০ টায় আমার দপ্তরে আমি চট্টগ্রাম কর অঞ্চল-৩ এর কর সার্কেল-৫৪, অতিরিক্ত সহকারী কর কমিশনার জনাব মোঃ মুরাদ হোসেন পাটওয়ারীর নিকট হস্তান্তর করি।

৩০ নভেম্বর ২০২১ বিকাল ৪:০০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আলাওল হলের উদ্যোগে হলের ছাত্র মিলনায়তনে "একজন বঙ্গবন্ধু, একটি স্বাধীনতা যুদ্ধ ও একটি দেশ" শীর্ষক এক পাবলিক লেকচার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে পাবলিক লেকচার প্রদান করেন চবি বঙ্গবন্ধু চেয়ার প্রফেসর ড. মুনতাসীর মামুন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জামাল নজরুল ইসলাম গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্রের উদ্যোগে এবং বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের সহায়তায় 'Research Techniques in Social Sciences and Applied Sciences 2021' শীর্ষক মাসব্যাপি তৃতীয় অনলাইন প্রশিক্ষণ কোর্সের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠান ৮ ডিসেম্বর ২০২১ বেলা ১১:০০ টায় উক্ত ইনস্টিটিউটের মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়াও বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের উপসচিব জনাব কামরুজ্জামান উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরের উদ্যোগে 'Research Methodology and Publication Strategy' শীর্ষক বিশ্ববিদ্যালয়ের তরুণ শিক্ষকদের অনলাইন ওয়ার্কশপ এর সনদ বিতরণ অনুষ্ঠান ১২ ডিসেম্বর ২০২১ দুপুর ১২:০০ টায় চবি উপাচার্য দপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।

'মুজিব জন্মশতবর্ষ' উপলক্ষে সমগ্র বাংলাদেশের ৫৫ টি রেলওয়ে স্টেশনকে আধুনিকায়ন প্রকল্পের আওতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রেলওয়ে স্টেশনকেও আধুনিকায়ন করার লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে প্রতিনিধিবৃন্দের সাথে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এক মতবিনিময় সভা ১২ ডিসেম্বর ২০২১ বেলা ১১:৩০ টায় চবি উপাচার্য দপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। এতে চট্টগ্রাম

বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়াও রেলওয়ে প্রতিনিধিবৃন্দের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব জনাব সুরাইয়া আখতার জাহান, রেলপথ মন্ত্রণালয়ের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার জনাব মোহাম্মদ ইরফানুল ইসলাম, বাংলাদেশ রেলওয়ে চট্টগ্রামের বিভাগীয় প্রকৌশলী-১ জনাব মোঃ আবুল হানিফ এবং উর্ধ্বতন উপসহকারী প্রকৌশলী জনাব আকবর হোসেন মজুমদার উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন অনুষদের ব্যুরো অব বিজনেস রিসার্চ এর উদ্যোগে ভার্চুয়্যালি অনুষ্ঠিত "The Fourth Industrial Revolution (4IR) : Reshaping Business for Sustainable Development in Bangladesh" শীর্ষক কনফারেন্সের প্রসিডিংস এর মোড়ক ১৩ ডিসেম্বর ২০২১ দুপুর ২:০০ টায় উন্মোচন করা হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে ১৪ ডিসেম্বর ২০২১ শহীদ বুদ্ধিজীবী দিবস পালন করা হয়। সকাল ১০:০০ টায় বিশ্ববিদ্যালয়ের শহীদ বুদ্ধিজীবী স্মৃতি সৌধে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে সাথে নিয়ে পুস্পস্তবক অর্পণ করে দেশ ও জাতির শ্রেষ্ঠ সন্তান শহীদ বুদ্ধিজীবীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। পুস্পস্তবক অর্পণ শেষে চবি শহীদ বুদ্ধিজীবী স্মৃতি সৌধ চত্বর থেকে শোক র‍্যালি শুরু হয়ে বঙ্গবন্ধু চত্বরে শেষ হয়। অতঃপর বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে সাথে নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়। এরপর আমার দপ্তরের সভাকক্ষে "শহীদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য" শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় মূল বক্তা হিসেবে বক্তব্য রাখেন চবি বাংলাদেশ স্টাডিজ বিভাগের সভাপতি প্রফেসর ড. মোঃ সেকান্দর চৌধুরী। শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে কর্মসূচির অংশ হিসেবে কালো ব্যাজ ধারণ করা হয়, সকালে বিশ্ববিদ্যালয়ের ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত এবং কালো পতাকা উত্তোলন করা হয়। ফজরের নামাজের পর বিশ্ববিদ্যালয়ের সকল মসজিদে শহীদ বুদ্ধিজীবীদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত, দুপুর ১২:০০ টায় চবি কেন্দ্রিয় মন্দিরে গীতাপাঠ ও শহীদ বুদ্ধিজীবীদের আত্মার চিরশান্তি কামনায় বিশেষ প্রার্থনা এবং অন্যান্য ধর্মাবলম্বীদের স্ব স্ব উপাসনালয়ে শহীদ বুদ্ধিজীবীদের আত্মার সদগতি কামনা করে প্রার্থনা করা হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় একুশ ব্যাচ এর সংগঠন 'আমরা একুশ' এবং রোটারী ইন্টারন্যাশনাল ডি-৩২৮১ বাংলাদেশ এর উদ্যোগে চবি শিক্ষার্থীদের জন্য তথ্য কেন্দ্র ও কমফোর্ট সেন্টার নির্মাণের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে। ১৫ ডিসেম্বর ২০২১ দুপুর ২:০০ টায় চবির 'স্মরণ' চত্বর সংলগ্ন এলাকায় তথ্য কেন্দ্র এবং চবি সমাজ বিজ্ঞান ও ব্যবসায় প্রশাসন অনুষদের মধ্যবর্তী স্থানে কমফোর্ট সেন্টার এর ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে যথাযোগ্য মর্যাদায় মহাসমারোহে ও আনন্দঘন পরিবেশে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে মুক্তিযুদ্ধের মহান বিজয়ের সুবর্ণজয়ন্তী উদযাপন করা হয়েছে। মহান বিজয়ের সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে ১৫ ডিসেম্বর ২০২১ সন্ধ্যা থেকে বিশ্ববিদ্যালয় স্বাধীনতা স্মারক ভাস্কর্য, শহীদ মিনার ও স্মৃতি সৌধ 'স্মরণ' সহ সকল গুরুত্বপূর্ণ ভবন এবং স্থাপনায় দৃষ্টিনন্দন আলোকসজ্জা ও অপরূপ সাজে ক্যাম্পাস সজ্জিত করা হয়। ১৫ ডিসেম্বর দিবাগত রাত ১২:০১ মিনিটে বিজয় দিবসের সূচনা লগ্নে বিউগল বাজিয়ে বিজয় দিবসকে স্বাগত জানানো হয়। এরপর জাতীয় সংগীত পরিবেশিত হয়। ১৬ ডিসেম্বর ফজরের নামাজের পর বিশ্ববিদ্যালয়ের সকল মসজিদে মহান মুক্তিযুদ্ধের বীর শহীদদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত এবং দুপুর ১২:০০ টায় চবি কেন্দ্রিয় মন্দিরে গীতাপাঠ ও বীর শহীদদের আত্মার চিরশান্তি কামনায় বিশেষ প্রার্থনা ও অন্যান্য ধর্মাবলম্বীদের স্ব স্ব উপাসনালয়ে বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হয়। সকালে বিশ্ববিদ্যালয়ের ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সকাল ১০:০০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় স্বাধীনতা স্মারক ভাস্কর্যে পুস্পস্তবক অর্পণ করে লাখো শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। এরপর চবি জারুল তলায় অনুষ্ঠিত হয় মহান বিজয়ের সুবর্ণ জয়ন্তীর আলোচনা সভা।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের উদ্যোগে "Fabrication of Thin-film Flexible MIM Capacitor using Inkject Printing Additive Manufacturing" শীর্ষক এক সেমিনার চবি বিজ্ঞান অনুষদের ১ নং গ্যালারিতে ২২ ডিসেম্বর ২০২১ দুপুর ১২:০০ টায় অনুষ্ঠিত হয়। সেমিনারে বক্তা হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্রের টেক্সাস টেক বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স বিভাগের সহযোগী অধ্যাপক ড. বশীর ইকবাল মোর্শেদ।

মহান বিজয়ের সুবর্ণজয়ন্তী'র গৌরবোজ্জ্বল সময়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় নাট্যকলা বিভাগের আয়োজনে দিনব্যাপি ৫ম নাট্যোৎসব অনুষ্ঠিত হয়েছে। ২৩ ডিসেম্বর ২০২১ দুপুর ১২:০০ টায় চবি ক্যাম্পাসে উন্মুক্ত মঞ্চে এ নাট্যোৎসবে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভাষণ দেন এবং উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এম.পি.। নাট্যোৎসবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়াও উপস্থিত ছিলেন বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের তৎকালীন জেনারেল ম্যানেজার জনাব নিতাই কুমার ভট্টাচার্য্য। অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন একুশে পদকে ভূষিত কবি, প্রাবন্ধিক ও সাংবাদিক জনাব আবুল মোমেন ও একুশে পদকে ভূষিত নাট্যজন জনাব আহমেদ ইকবাল হায়দার।

চিটাগং ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির (সিইউডিএস) রজতজয়ন্তী উপলক্ষে সাবেক ও বর্তমান সদস্যদের নিয়ে দু'দিন ব্যাপি উৎসব ২৪ ডিসেম্বর চবি ক্যাম্পাসে শুরু হয়ে ২৫ ডিসেম্বর ২০২১ বিকেল ৫:০০ টায় চট্টগ্রাম শহরস্থ হোটেল সৈকতে

সমাপনী অনুষ্ঠান এবং বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। এতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়াও উপস্থিত ছিলেন চট্টগ্রামের তৎকালীন জেলা প্রশাসক জনাব মোহাম্মদ মমিনুর রহমান এবং চট্টগ্রাম জেলার স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক জনাব বদিউল আলম।

এশিয়ান ইউনিভার্সিটি ফর উইম্যান এর সাপোর্ট ফাউন্ডেশনের প্রেসিডেন্ট জনাব কামাল আহমদ এবং উক্ত বিশ্ববিদ্যালয়ের ফেলো জনাব মৌমিতা বসাক চবি'র উপচার্যের সাথে ২ জানুয়ারি ২০২২ সকাল ১০:৩০ টায় উপাচার্যের অফিস কক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন এবং উচ্চশিক্ষা, গবেষণা এবং সাংস্কৃতিক বিনিময় বিষয়ে মতবিনিময় সভায় মিলিত হন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রাজনীতি বিজ্ঞান বিভাগের উদ্যোগে 'Corona Virus Crisis : An Analysis of Leadership Challenges' শীর্ষক সেমিনার ৩ জানুয়ারি ২০২২ সকাল ১০:৩০ টায় চবি সমাজ বিজ্ঞান অনুষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রের আরকানসাস হ্যান্ডারসন স্টেট ইউনিভার্সিটির প্রফেসর ড. হারুন এ. খান।

সোনালী ব্যাংক চট্টগ্রাম অঞ্চলের জি.এম. অফিসের জেনারেল ম্যানেজার জনাব মোঃ আলী আশরাফ আবু তাহের এর নেতৃত্বে একটি প্রতিনিধি দল ৩ জানুয়ারি ২০২২ বিকেল ২:৩০ টায় উপচার্যের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন এবং এক মতবিনিময় সভায় মিলিত হন।

মহান মুক্তিযুদ্ধে বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর ও চবি বঙ্গবন্ধু চেয়ার এর উদ্যোগে আয়োজিত মাসব্যাপি 'মুক্তিযুদ্ধের দলিল প্রদর্শনী'র সমাপনী অনুষ্ঠান ৪ জানুয়ারি ২০২২ বেলা ১১:০০ টায় চবি জাদুঘরের প্রদর্শনী কক্ষে অনুষ্ঠিত হয়। এতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়াও চবি বঙ্গবন্ধু চেয়ার প্রফেসর ড. মুনতাসীর মামুন উপস্থিত ছিলেন। চবি জাদুঘরের তৎকালীন পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ মাহবুবুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ করেন বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ চট্টগ্রাম মহানগর ইউনিট কমান্ডের কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মোজাফ্ফর আহমেদ।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের স্বাক্ষরিত ২০২১-২০২২ অর্থবছরের APA (Annual Performance Agreement)/বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনার আলোকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা ৬ জানুয়ারি ২০২২ বেলা ১১:০০ টায় চবি উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। দিনব্যাপি কর্মশালায় ৭০ জন কর্মচারী অংশগ্রহণ করেন।

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় নৌ শাখার উদ্যোগে ৬ জানুয়ারি ২০২২ সকাল ১০:০০ টায় চবি গ্রন্থাগার মিলনায়তনে বিএনসিসি নৌ শাখা, চবির সাবেক শাখা প্রধান প্রফেসর ড. তৌহিদ হোসেন চৌধুরীকে বিদায় সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট এলামনাই এসোসিয়েশনের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের ৪র্থ শ্রেণি কর্মচারীদের মাঝে ৯ জানুয়ারি ২০২২ বেলা ১১:৩০ টায় শীতবস্ত্র বিতরণ করা হয়। এতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়াও রোভার স্কাউট এলামনাই এসোসিয়েশনের সভাপতি জনাব আহমেদ সাইফুদ্দিন খালেদ খসরু উপস্থিত ছিলেন।

মহাকালের মহানায়ক স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস (১০ জানুয়ারি) উপলক্ষে ১০ জানুয়ারি ২০২২ সকাল ১০:০০ টায় চবি বঙ্গবন্ধু চত্বরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে সাথে নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়। পুস্পস্তবক অর্পণ শেষে ঐতিহাসিক স্বদেশ প্রত্যার্তন দিবস উপলক্ষে আমার দপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস এর ৫০ বছর পূর্তি গোল্ডেন জুবিলী উপলক্ষে ১০ জানুয়ারি ২০২২ তারিখ বেলা ১১:০০ টায় চবি উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে রেজিস্ট্রেশন কার্যক্রম উদ্বোধন করা হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের উদ্যোগে "Nanotechnology: Smal Things Matter and have Power to Transform Energy Health and the Environment" শীর্ষক এক সেমিনার ১২ জানুয়ারি ২০২২ দুপুর ১২:০০ চবি রসায়ন বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। রসায়ন বিভাগের সভাপতি প্রফেসর ড. দেবাশিস পালিত এর সভাপতিত্বে সেমিনারে মূল বক্তা হিসেবে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্রের Coppin State University এর প্রফেসর ড. জামাল উদ্দীন।

'কোভিড-১৯ পরবর্তী অন্তর্ভূক্তিমূলক বিশ্ব গড়তে প্রয়োজন প্রতিবন্ধী ব্যক্তিদের নেতৃত্ব ও অংশগ্রহণ' - এ প্রতিপাদ্যকে ধারণ করে ৩০তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ২৩তম জাতীয় প্রতিবন্ধী দিবস-২০২১ উপলক্ষে প্রতিবন্ধী ছাত্র সমাজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ডিসকু) এর উদ্যোগে ১৬ জানুয়ারি ২০২২ দুপুর ১২:০০ টায় চবি গ্রন্থাগার মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদের নবনির্বাচিত নেতৃবৃন্দ ১৮ জানুয়ারি ২০২২ দুপুর ১:৩০ টায় উপাচার্য, উপ-উপাচার্য (একাডেমিক), বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, রেজিস্ট্রার ও বরিষ্ঠ শিক্ষকবৃন্দকে সাথে নিয়ে চবি বঙ্গবন্ধু চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।

ভারতীয় হাই কমিশনের সহযোগিতায় চবি সংস্কৃত বিভাগে প্রতিষ্ঠিত কম্পিউটার ল্যাব ১৯ জানুয়ারি ২০২২ দুপুর ১:৩০ টায় উদ্বোধন করা হয়। এতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয় সংস্কৃত বিভাগের সভাপতি প্রফেসর ড. ময়না তালুকদার উপস্থিত ছিলেন।

চবি জননেত্রী শেখ হাসিনা হলের উদ্যোগে হল প্রাঙ্গণে স্থাপিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ম্যুরাল ২০ জানুয়ারি ২০২২ বেলা ১১:০০ টায় উন্মোচন করা হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চারুকলা ইনস্টিটিউটের সপ্তাহব্যাপী বার্ষিক চারুকলা প্রদর্শনী উদ্বোধন করা হয়েছে ২১ জানুয়ারি ২০২২ বিকেল ৫:০০ টায় । এ উপলক্ষে চবি চারুকলা ইনস্টিটিউটের শিল্পী রশিদ চৌধুরী আর্ট গ্যালারী প্রাঙ্গনে আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও মুর্তজা বশীর স্মৃতি বৃত্তি প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কার্যালয়ে নব প্রতিষ্ঠিত কম্পিউটার ল্যাব, প্রাথমিক চিকিৎসালয় ও শীতার্তদের মাঝে কম্বল বিতরণ কার্যক্রম উদ্বোধন এবং বিএনসিসি কর্মকর্তাদের বিদায় অনুষ্ঠান ২৬ জানুয়ারি ২০২২ দুপুর ১২:৩০ টায় অনুষ্ঠিত হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির রজতজয়ন্তী উৎসব-২০২১ করোনা মহামারিজনিত সকল স্বাস্থ্যবিধি মেনে ২৮ জানুয়ারি ২০২২ দিনব্যাপি বিভিন্ন কর্মসূচির মাধ্যমে চবি ক্যাম্পাসে উদযাপন করা হয়।

সনাতন ধর্ম পরিষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বাণী অর্চনা ২০২২ উপলক্ষে ৫ ফেব্রুয়ারি ২০২২ বিশ্ববিদ্যালয় উত্তর ক্যাম্পাসস্থ কেন্দ্রীয় মন্দির প্রাঙ্গনে দিনব্যাপি বিভিন্ন কর্মসূচি উদযাপান করা হয়। কর্মসূচির মধ্যে ছিল বাণী অর্চনা, সম্মাননা স্মারক প্রদান, ভজনকীর্তন, ঢাক-শাঁখ-ধুনুচি নৃত্য ইত্যাদি। এ উপলক্ষে বিকাল ৪:৩০ টায় আলোচনা সভাও অনুষ্ঠিত হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর উদ্যোগে দু'দিন ব্যাপি (৯-১০ ফেব্রুয়ারি) "Outcome-Based Education (OBE)" শীর্ষক অনলাইন ওয়ার্কসপ এর উদ্বোধন অনুষ্ঠান ৯ ফেব্রুয়ারি ২০২২ সন্ধ্যা ৬:৩০ টায় অনুষ্ঠিত হয়। এতে গেস্ট অব অনার হিসেবে সংযুক্ত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) সম্মানিত সদস্য প্রফেসর ড. মোহাম্মদ আবু তাহের। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ আবুল হোসাইন। কর্মশালায় চবি সমাজবিজ্ঞান অনুষদ, আইন অনুষদ, ব্যবসায় প্রশাসন অনুষদ এবং ইঞ্জিনিয়ারিং অনুষদভুক্ত বিভাগসমূহের ৫৪ জন শিক্ষক অংশগ্রহণ করেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে মহান একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস বিভিন্ন কর্মসূচির মাধ্যমে অত্যন্ত ভাবগম্ভীর পরিবেশে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পালিত হয়েছে। সকাল ১০:০০ টায় বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে চবি কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। পুষ্পস্তবক অর্পণ শেষে ভাষা শহীদদের স্মরণে শোক র‍্যালি চবি কেন্দ্রীয় শহীদ মিনার থেকে শুরু হয়ে চবি বঙ্গবন্ধু চত্বরে এসে শেষ হয়। অতঃপর বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করে শ্রদ্ধা নিবেদন করা হয়। বেলা ১১:০০ টায় আমার দপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। আলোচনা সভায় 'ভাষা আন্দোলনে নারীর ভূমিকা' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন চবি ম্যানেজমেন্ট বিভাগের প্রফেসর চবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. সেলিনা আখতার।

বিপুল উৎসাহ ও উদ্দীপনা ও প্রাণোচ্ছ্বল পরিবেশের মধ্যে দিয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগে ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণির ক্লাশ ২২ ফেব্রুয়ারি ২০২২ থেকে একযোগে শুরু হয়। কিছু বিভাগ এদিন নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন কার্যক্রম জাঁকজমকভাবে সম্পাদন করে, অন্য বিভাগগুলো পরবর্তীতে তা নিস্পন্ন করে।

'গুণগত পরিসংখ্যান উন্নত জীবনের সোপান'- এ প্রতিপাদ্যকে ধারণ করে জাতীয় পরিসংখ্যান দিবস ২০২২ উপলক্ষে চবি পরিসংখ্যান বিভাগের উদ্যোগে ২৭ ফেব্রুয়ারি ২০২২ সকাল ১০:৩০ টায় এক বর্ণাঢ্য র‍্যালি চবি বিজ্ঞান অনুষদ থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে পুনরায় বিজ্ঞান অনুষদের সামনে গিয়ে শেষ হয়।

ঐতিহাসিক ৭ মার্চ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে। কর্মসূচির মধ্যে ছিল ফজরের নামাজের পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় মসজিদসমূহে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শহীদদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত এবং দুপুর ১২:০০ টায় চবি কেন্দ্রিয় মন্দিরে গীতাপাঠ ও জাতির পিতার আত্মার চিরশান্তি কামনা করে বিশেষ প্রার্থনা এবং অন্যান্য ধর্মাবলম্বীদের স্ব স্ব উপাসনালয়ে বিশেষ

প্রার্থনা। সকাল থেকে বিশ্ববিদ্যালয় শহীদ বুদ্ধিজীবী চত্বর, 'স্মরণ' চত্বর, ২নং গেইট ও বঙ্গবন্ধু চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চ এর ভাষণ এবং মুক্তিযুদ্ধ বিষয়ক দেশাত্মবোধক গান পরিবেশন করা হয়। সকাল ১০:০০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে চবি বঙ্গবন্ধু চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। পুষ্পস্তবক অর্পণ শেষে চবি বঙ্গবন্ধু চত্বরে উপাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত হয় সংক্ষিপ্ত আলোচনা সভা। আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন চবি উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর বেনু কুমার এবং চবি বঙ্গবন্ধু চেয়ার প্রখ্যাত ইতিহাসবিদ প্রফেসর ড. মুনতাসীর মামুন।

'আজকের জেন্ডার সমতা, আগামীর টেকসই উন্নয়ন' এ প্রতিপাদ্যকে ধারণ করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ৮ মার্চ ২০২২ বিশ্ব নারী দিবস বর্ণাঢ্য আয়োজনে উদযাপিত হয়েছে। এ উপলক্ষে আমার নেতৃত্বে সকাল ১০:৩০ টায় চবি কেন্দ্রীয় শহীদ মিনার থেকে এক বর্ণাঢ্য র‍্যালি শুরু হয়ে চবি বঙ্গবন্ধু চত্বরে এসে শেষ হয়। বেলুন-ফেস্টুন এবং শান্তির প্রতীক পায়রা উড়িয়ে কর্মসূচির উদ্বোধন করা হয়। এরপর বেলা ১১:০০ টায় উপাচার্যের দপ্তরের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় 'নারী স্বাস্থ্য সচেতনতা' বিষয়ক প্রবন্ধ উপস্থাপন করেন চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের প্রাক্তন অধ্যাপক ওজিএসবি চট্টগ্রাম শাখার প্রেসিডেন্ট প্রফেসর ডাঃ রওশন মোর্শেদ। অনুষ্ঠানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়া অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ওজিএসবি'র সাধারণ সম্পাদক প্রফেসর ডাঃ নাসরীন বানু, ভারতের শিক্ষা ও অনুসন্ধান বিশ্ববিদ্যালয়ের প্রো-চ্যান্সেলর প্রফেসর অমিত ব্যানার্জী ও পদার্থবিদ্যা বিভাগের প্রফেসর নচিকেতা শর্মা।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের জামাল নজরুল ইসলাম রিসার্চ সেন্টার ফর ম্যাথমেটিকাল এন্ড ফিজিক্যাল সায়েন্স এবং চিটাগাং ইউনিভার্সিটি রিসার্চ এন্ড হায়ার স্টাডি সোসাইটি এর আয়োজনে দেশবরেণ্য বিজ্ঞানী, গবেষক ও গণিতবিদ অধ্যাপক ড. জামাল নজরুল ইসলাম স্মরণে ২১শে মে দেশে প্রথমবারের মত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত "১ম জামাল নজরুল ইসলাম জাতীয় তরুণ গবেষক সম্মেলন - ২০২২" এর কার্যক্রম ৯ মার্চ ২০২২ সকাল ১০:০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন অনুষদের অডিটোরিয়ামে এ সম্মেলন উদ্বোধন করা হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সমাজ বিজ্ঞান গবেষণা ইনস্টিটিউটের (এসএসআরআই) উদ্যোগে 'Role of the State in Bangladesh's Underdevelopment' শীর্ষক এক পাবলিক লেকচার ১০ মার্চ ২০২২ বেলা ১১:০০ টায় চবি সমাজ বিজ্ঞান অনুষদ মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। চবি সমাজ বিজ্ঞান গবেষণা ইনস্টিটিউটের পরিচালক প্রফেসর ড. মুহাম্মদ তারিকুল হাসান চৌধুরীর সভাপতিত্বে এতে মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন একুশে পদকপ্রাপ্ত চবি অর্থনীতি বিভাগের অবসরপ্রাপ্ত প্রফেসর ড. মইনুল ইসলাম।

বিশ্বের নির্যাতিত-নিপীড়িত গণমানুষের মুক্তির দূত, মহাকালের মহানায়ক, স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের মহান স্থপতি, বাঙালি জাতির অবিসংবাদিত নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মদিন 'জাতীয় শিশু দিবস' ১৭ মার্চ ২০২২ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে যথাযোগ্য মর্যাদায় বর্ণিল আয়োজনে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উদযাপিত হয়েছে। এ উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু চত্বরে সকাল ৯:০০ টায় বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে সাথে নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়। অতঃপর জাতির পিতার ১০৩ তম জন্মদিন উপলক্ষে কেক কাটা হয় এবং 'মুজিবের স্বপ্ন : সুস্থ জীবন সুস্থ জাতি' ও 'বঙ্গবন্ধু : যুদ্ধনেতা, দেশনেতা' বিষয়ে শিশু চিত্রাংকন প্রতিযোগিতার উদ্বোধন করা হয়। ১৭ মার্চ ফজরের নামাজের পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদ ও ক্যাম্পাসস্থ সকল মসজিদে বিশেষ মোনাজাত এবং কেন্দ্রীয় মন্দির ও প্যাগোডাসহ অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা করা হয়। বেলা ১১:৩০ টায় চবি কেন্দ্রীয় মন্দিরে ১৯৭৫ এর ১৫ আগষ্ট ঘাতকদের হাতে নির্মমভাবে নিহত বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যদের, শহীদ মুক্তিযোদ্ধা ও জাতীয় চার নেতার আত্মার চিরশান্তি এবং দেশের অব্যাহত অগ্রগতি ও মঙ্গল কামনায় গীতাপাঠ অনুষ্ঠিত হয়। তাছাড়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মদিন 'জাতীয় শিশু দিবস' উপলক্ষে চবি প্রশাসনিক ভবন, হলসমূহ ও অন্যান্য গুরুত্বপূর্ণ ভবনসমূহে দৃষ্টিনন্দন আলোকসজ্জায় সজ্জিত করা হয়। চবি ক্যাম্পাসে ১নং গেইট 'স্মরণ' চত্বর, ২নং গেইট, শহীদ বুদ্ধিজীবী চত্বর এবং বঙ্গবন্ধু চত্বরে দিনব্যাপি জাতির পিতার ভাষণ এবং দেশাত্মবোধক গান পরিবেশন করা হয়। চিত্রাংকন প্রতিযোগিতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসস্থ বিভিন্ন বিদ্যালয়ের প্লে-গ্রুপ থেকে ৫ম শ্রেণী পর্যন্ত অধ্যয়নরত প্রায় ৫০০ জন শিশু অংশগ্রহণ করে।

'বন সংরক্ষণের অঙ্গীকার, টেকসই উৎপাদন ও ব্যবহার' এ প্রতিপাদ্যকে ধারণ করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বনবিদ্যা ও পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউটের উদ্যোগে দিনব্যাপি কর্মসূচির মাধ্যমে আন্তর্জাতিক বন দিবস উদযাপিত হয়েছে। এ উপলক্ষে ২১ মার্চ ২০২২ সকাল ১০:০০ টায় চবি শহীদ মিনার চত্বর থেকে বর্ণাঢ্য র‍্যালি অনুষ্ঠিত হয়।

মহান স্বাধীনতা দিবস ২০২২ উদযাপন ও গণহত্যার ৫০ বছর স্মরণ উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর এবং ১৯৭১: গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর (খুলনা) এর যৌথ উদ্যোগে ১০ দিন ব্যাপি (২২-৩১ মার্চ ২০২২) মুক্তিযুদ্ধের কার্টুন প্রদর্শনী ২২ মার্চ ২০২২ সকাল ১০:৩০ উদ্বোধন করা হয়েছে। অনুষ্ঠানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়া সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চবি বঙ্গবন্ধু চেয়ার প্রফেসর ড. মুনতাসীর মামুন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদ ২০২০-২০২১ এর বার্ষিক সাধারণ সভা ২২ মার্চ ২০২২ বেলা ১১:০০ টায় চবি সমাজ বিজ্ঞান অনুষদ মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড এর সাথে দ্বিতীয় মেয়াদে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক-কর্মকর্তাদের জন্য গ্রুপ জীবন বীমা চুক্তি (MOU) ২৩ মার্চ ২০২২ বেলা ১১:০০ টায় আমার সম্মেলন কক্ষে স্বাক্ষরিত হয়েছে।

ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর উদ্যোগে ২৪ মার্চ ২০২২ সকাল ১০:৩০ টায় চবি জারুল তলায় প্রথমবারের মতো শিক্ষক-শিক্ষার্থীদের অপ্রকাশিত গবেষণাকর্মের পোস্টার প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। পোস্টার প্রদর্শনীতে চবি কলা ও মানববিদ্যা অনুষদের ৫টি, বিজ্ঞান অনুষদের ৪০টি, ব্যবসায় প্রশাসন অনুষদের ১০টি, সমাজ বিজ্ঞান অনুষদের ১৫টি, আইন অনুষদের ১টি, জীব বিজ্ঞান অনুষদের ২৯টি, ইঞ্জিনিয়ারিং অনুষদের ৪টি, মেরিন সায়েন্স এন্ড ফিশারিজ অনুষদের ১টি সহ সর্বমোট ১০৫ টি পোস্টার প্রদর্শিত হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আইন অনুষদ এবং এ.কে.খান ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে ২৪ মার্চ ২০২২ বেলা ১১:০০ টায় চবি এ.কে. খান আইন অনুষদ মিলনায়তনে 'বাংলাদেশের সংবিধান : সংশোধন ও বিকাশ' শীর্ষক চতুর্থ এ কে খান স্মারক আইন বক্তৃতা - ২০২২ অনুষ্ঠিত হয়েছে। এ বক্তৃতা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সুপ্রীম কোর্ট আপীল বিভাগের মাননীয় বিচারপতি জনাব ওবায়দুল হাসান। এতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়া উপস্থিত ছিলেন এ.কে. খান ফাউন্ডেশনের ট্রাস্টি সেক্রেটারী জনাব সালাহউদ্দিন কাসেম খান ও জাতীয় রাজস্ব বোর্ডের সাবেক চেয়ারম্যান এ কে খান ফাউন্ডেশনের উপদেষ্টা ড. মোহাম্মদ আবদুল মজিদ এবং এ কে খান ফাউন্ডেশনের ট্রাস্টি জনাব এ এম জিয়াউদ্দিন খান।

গণহত্যা দিবস স্মরণে ২৫ মার্চ ২০২২ সন্ধ্যা ৬:৩০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু চত্বরে মোমবাতি প্রজ্জ্বলন কর্মসূচি ও সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মহাসমারোহে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা ও বর্ণিল আয়োজনে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মহান স্বাধীনতা দিবস ২০২২ উদ্‌যাপিত হয়েছে। ২৬ মার্চ ২০২২ সকাল ১০:০০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে স্বাধীনতা স্মৃতি স্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। অতঃপর চবি বিভিন্ন পর্ষদের পক্ষ থেকে পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়। সকাল ১০:৩০ টায় চবি স্বাধীনতা স্মৃতি স্তম্ভ চত্বর থেকে বর্ণাঢ্য র‌্যালি শুরু হয়ে চবি বঙ্গবন্ধু চত্বরে এসে শেষ হয়। এরপর চবি বঙ্গবন্ধু চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়। বেলা ১১:০০ টায় চবি শহীদ আবদুর রব হল মাঠে অনুষ্ঠিত হয় বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা ও আলোচনা সভা। সভায় প্রধান অতিথি হিসেবে অনলাইনে বক্তব্য রাখেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এম.পি. এবং বিশেষ অতিথি হিসেবে অনলাইনে বক্তব্য রাখেন মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এম.পি.। অনুষ্ঠানে মহান মুক্তিযুদ্ধে দেশ মাতৃকার জন্য অনন্য অবদানের স্বীকৃতি স্বরূপ ৫০ জন বীর মুক্তিযোদ্ধাকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সম্মাননা প্রদান করা হয়। সম্মাননা অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধাদের বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ফুল দিয়ে ও উত্তরীয় পরিয়ে বরণ করা হয় এবং সম্মাননা ক্রেস্ট ও উপহার সামগ্রী প্রদান করা হয়। এ ছাড়াও কর্মসূচির অংশ হিসেবে ২৬ মার্চ রাত ১২:০১ মিনিটে (২৫ মার্চ দিবাগত রাতে) বিশ্ববিদ্যালয় স্বাধীনতা স্মৃতি স্তম্ভ বেদীতে বিএনসিসি কর্তৃক বিউগল বাজিয়ে মহান স্বাধীনতা দিবসকে স্বাগত জানানো হয় এবং প্রত্যুষে বিশ্ববিদ্যালয়ে ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। ২৬ মার্চ ফজরের নামাজের পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদ ও ক্যাম্পাসস্থ সকল মসজিদে বিশেষ মোনাজাত এবং কেন্দ্রীয় মন্দির ও প্যাগোডাসহ অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা করা হয়। দুপুর ১২:০০ টায় চবি কেন্দ্রীয় মন্দিরে মহান মুক্তিযুদ্ধে শহীদ বীর মুক্তিযোদ্ধা, শহীদ ত্রিশ লক্ষ বীর বাঙালী, ১৯৭৫ এর ১৫ আগষ্ট ঘাতকদের হাতে নির্মমভাবে নিহত বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যদের ও জাতীয় চার নেতার আত্মার চিরশান্তি এবং দেশের অব্যাহত অগ্রগতি ও মঙ্গল কামনায় গীতাপাঠ অনুষ্ঠিত হয়। তাছাড়া মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে চবি প্রশাসনিক ভবন, হলসমূহ, চবি ১নং ও ২নং গেইট চত্বরসহ অন্যান্য গুরুত্বপূর্ণ ভবনসমূহে দৃষ্টিনন্দন আলোকসজ্জায় সজ্জিত করা হয়। এছাড়াও আলোচনা অনুষ্ঠানে জাতীয় শিশু দিবস ২০২২ উপলক্ষে অনুষ্ঠিত শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতার পুরস্কার এবং আইকিউএসি আয়োজিত শিক্ষক-শিক্ষার্থীদের অপ্রকাশিত গবেষণার পোস্টার প্রদর্শনীর পুরস্কার বিতরণ করা হয়। মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে বিকেল ৪:০০ টা থেকে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান এবং স্বাধীনতা কনসার্ট। কনসার্টে বিখ্যাত ব্যান্ড দল 'শিরোনামহীন' ও 'তীরন্দাজ' এবং ব্যান্ড দল 'মাইলস' এর ভোকাল শাফিন আহমেদ সংগীত পরিবেশন করেন।

জার্মানীর আরইউএসবি আর্ট গ্রুপের প্রধান শিল্পী লুকাস জিলিঞ্জার ২৮ মার্চ ২০২২ দুপুর ২:৩০ টায় উপাচার্যের সাথে উপাচার্যের অফিস কক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়াও গ্লোরী বন্ধুপ্রতীম সমাজ কল্যাণ সংস্থার চেয়ারম্যান জনাব আমীনুল হক (বাবুল) উপস্থিত ছিলেন। শিল্পী লুকাস জিলিঞ্জার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের যাতায়াতের জন্য অন্যতম যানবাহন শাটল ট্রেন সম্পর্কে আগ্রহ প্রকাশ করেন এবং ট্রেনের বগিসমূহ শিল্পকর্ম অংকনের মাধ্যমে সাজানোর প্রস্তাব পেশ করেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বিভিন্ন অনুষদের ডিন নির্বাচন ৩০ মার্চ ২০২২ সকাল ৯ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত চবি সমাজ বিজ্ঞান অনুষদ মিলনায়তনে শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করেন চবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর এস এম মনিরুল হাসান।

পিএইচপি ফ্যামিলি ও সুফি মিজান ফাউন্ডেশনের চেয়ারম্যান আলহাজ্ব সুফি মিজানুর রহমানের আর্থিক ও কারিগরী সহায়তায় আধুনিক স্থাপত্য শৈলীতে চবি বিজ্ঞান অনুষদ মিজানুছ ছালাম জামে (পুনঃনির্মিত) মসজিদের শুভ উদ্বোধন অনুষ্ঠান ৩১ মার্চ ২০২২ বেলা ১১:৩০ টায় অনুষ্ঠিত হয়েছে। এতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়া অন্যান্যের মধ্যে উপস্থিত থেকে বক্তব্য রাখেন পিএইচপি ফ্যামিলি ও সুফি মিজান ফাউন্ডেশনের চেয়ারম্যান সুফি মিজানুর রহমান এবং পিএইচপি ফ্যামিলির পরিচালক জনাব মোহাম্মদ আলী হোসাইন।

৩১ মার্চ ২০২২ দুপুর ১:৩০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নব নির্বাচিত ডিনবৃন্দ উপাচার্য ও উপ-উপাচার্য (একাডেমিক)-কে সাথে নিয়ে মহাকালের মহানায়ক স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্লাব (ক্যাম্প্যাস) এর উদ্যোগে দোয়া ও ইফতার মাহফিল ২০২২ ক্যাম্পাস ক্লাব প্রাঙ্গনে ১০ এপ্রিল ২০২২ অনুষ্ঠিত হয়েছে। ইফতার মাহফিলে দেশ-জাতির উন্নতি-অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করে দোয়া ও মুনাজাত করা হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে দিনব্যাপি বিভিন্ন কর্মসূচির মাধ্যমে পহেলা বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ 'বাংলা নববর্ষ' উদযাপন করা হয়েছে। কর্মসূচির মধ্যে ছিল বৈশাখী শোভাযাত্রা, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, বলী খেলা, বউচি খেলা, মোরগ লড়াই ইত্যাদি। ১৪ এপ্রিল ২০২২ বেলা ১১:৩০ টায় বিশ্ববিদ্যালয় 'স্মরণ' চত্বর থেকে শুরু হয় বৈশাখী শোভাযাত্রা। শোভাযাত্রা শেষে বর্ষবরণ মূল মঞ্চে (উন্মুক্ত মঞ্চ) অনুষ্ঠিত হয় উদ্বোধনী অনুষ্ঠান। জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান সূচিত হয়।

ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে ১৭ এপ্রিল ২০২২ বেলা ১১:০০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে সাথে নিয়ে চবি বঙ্গবন্ধু চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের উদ্যোগে 'Highly Efficient Perovskite Solar Cells' and `Experience Sharing on Publication in High Impact Journals' শীর্ষক বিষয়দ্বয়ের উপর সেমিনার ২১ এপ্রিল ২০২২ সকাল ১০:৩০ টায় উক্ত বিভাগে অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাপানের কানাজাওয়া বিশ্ববিদ্যালয়ের ন্যানো মেটেরিয়াল রিসার্চ ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক ড. মোঃ শহীদুজ্জামান (সোহেল)।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের উদ্যোগে 'Critical Metals for Clean Energy: Demand and Sustainable Technologies for Lithium and Nickel Production' শীর্ষক এক সেমিনার ১৬ মে ২০২২ বেলা ১১:০০ টায় চবি বিজ্ঞান অনুষদের ১ নং গ্যালারিতে অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কানাডার Process Research Ortech Inc. এর চীফ টেকনোলজি অফিসার ড. আবদুল হালিম।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের আলোকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর উদ্যোগে 'সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২১-২০২২' বিষয়ক চারদিনব্যাপী এক ট্রেনিং ওয়ার্কসপ ১৮ মে, ২২ মে, ২৩ মে ও ২৪ মে ২০২২ প্রতিদিন সকাল ১০:০০ টা থেকে দুপুর ২:৩০ চবি ইঞ্জিনিয়ারিং অনুষদের ভার্চুয়াল ক্লাশ রুমে অনুষ্ঠিত হয়েছে।

'আন্তর্জাতিক মে দিবস ২০২২' উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ৪র্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের উদ্যোগে ১৮ মে ২০২২ দুপুর ১২:০০ টায় ইউনিয়ন প্রাঙ্গনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জামাল নজরুল ইসলাম গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্র এবং চিটাগং ইউনিভার্সিটি রিসার্চ এন্ড হায়ার স্টাডি সোসাইটির যৌথ উদ্যোগে ১ম জামাল নজরুল ইসলাম জাতীয় তরুণ গবেষক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। ২১ মে ২০২২ সকাল ১০:৩০ টায় চবি ব্যবসায় প্রশাসন অনুষদ মিলনায়তনে এ সম্মেলনের উদ্বোধন করা হয়। এতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়া একুশে পদক প্রাপ্ত অর্থনীতিবিদ প্রফেসর ড. মঈনুল ইসলাম, বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটির প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক জনাব মুনির হাসান এবং ড. জামাল নজরুল ইসলামের কন্যা জনাব সাদাফ সিদ্দিকী। এতে প্লেনারী স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও টোবাকো ইন্ডাষ্ট্রী এন্ড মার্কেটিং বোর্ডের বোর্ড সদস্য এবং চাইল্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশন বাংলাদেশের পরিচালক ড. সেঁজুতি সাহা। এ ছাড়াও অনুষ্ঠানমালায় উপস্থিত ছিলেন যুক্তরাজ্যের বিশিষ্ট মনোবিজ্ঞানী ড. জামাল নজরুল ইসলামের কন্যা জনাব নার্গিস ইসলাম। অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু

মণি,এম.পি. ও মাননীয় শিক্ষা উপ মন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী নওফেল, এম.পি. এর ভিডিও বার্তা প্রচার করা হয়। কনফারেন্সে পদার্থ বিজ্ঞান ও প্রকৌশল; জীববিজ্ঞান; পরিবেশ বিজ্ঞান কৃষি ও উদ্ভিদ; স্বাস্থ্য ও চিকিৎসাবিদ্যা; সমাজ বিজ্ঞান ও মানববিদ্যা; বাণিজ্য এই ছয়টি শাখায় ওরাল প্রেজেনটেশন, পোস্টার প্রেজেনটেশন এবং থ্রি মিনিটস থিসিস বক্তৃতা অনুষ্ঠিত হয়েছে। এ ছাড়াও সম্মেলন উপলক্ষে অপরাহ্নে মিট দ্য ইউথ আইকন্স, জামাল নজরুল ইসলাম স্মারক বক্তৃতা, ডকুমেন্টারী প্রদর্শনী, সম্মাননা ও পুরস্কার বিতরণ এবং সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হয়েছে। স্মারক বক্তৃতা প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের তত্ত্বীয় পদার্থবিদ্যা বিভাগের প্রথিতযশা শিক্ষক প্রফেসর ড. আরশাদ মোমেন ও একুশে পদক প্রাপ্ত কবি ও সংবাদিক জনাব আবুল মোমেন। সম্মেলনে ৭৫ টি বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠান থেকে ৫২৪ জন তরুণ গবেষক অংশগ্রহণ করেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের উদ্যোগে চবি জীব বিজ্ঞান অনুষদে ৭টি নতুন জীব বিজ্ঞান গবেষণাগার নিয়ে বায়োটেকনোলজি রিসার্চ এন্ড ইনোভেশন সেন্টার (ব্রিক) এবং ঢাকার চাইল্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশন (সিএইচআরএফ) ও সুইজারল্যান্ডের ফাইন্ড ডায়গনস্টিক এর সহায়তায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে দেশে প্রথমবারের মতো জিনোম গবেষনার আন্তর্জাতিক যৌথ গবেষণাগার 'নেক্সট জেনারেশন সিকুয়েন্সিং রিসার্চ এন্ড ইনভেশন ল্যাব চিটাগাং (এনরিচ) ২৩ মে ২০২২ দুপুর ১২:০০ টায় উদ্বোধন হয়েছে। এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়া চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের মেডিসিন বিভাগের প্রধান প্রফেসর ডা. এম.এ. সাত্তার, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণাগারের (বিসিএসআইআর) পরিচালক ড. গোলাম মোস্তফা, বাংলাদেশ ইনস্টিটিউট অব ট্রপিক্যাল মেডিসিন (বিআইটিআইডি) এর পরিচালক ড. নাসির উদ্দিন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে গেষ্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞানী ও গবেষক চাইল্ড হেলথ ও রিসার্চ ফাউন্ডেশনের পরিচালক বিশ্ব স্বাস্থ্য সংস্থার উপদেষ্টা ড. সেঁজুতি সাহা।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় নজরুল গবেষণা কেন্দ্রের উদ্যোগে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৩ তম জন্মজয়ন্তী উদযাপিত হয়েছে। এ উপলক্ষে ২৬ মে ২০২২ বেলা ১১:০০ টায় চবি ব্যবসায় প্রশাসন অনুষদ মিলনায়তনে এক আলোচনা সভা ও সংগীতানুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়া সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিএইচপি গ্রুপের চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান। অনুষ্ঠানে মুখ্য আলোচক ছিলেন বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা এবং আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলা একাডেমি পুরস্কার প্রাপ্ত কথাসাহিত্যিক জনাব বিশ্বজিৎ চৌধুরী। অনুষ্ঠান সভাপতিত্ব করেন চবি নজরুল গবেষণা কেন্দ্রের পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার সাঈদ। অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন খ্যাতনামা শাস্ত্রীয় ও নজরুল সংগীত শিল্পী ড. প্রিয়াংকা গোপ।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শিরীণ আখতার রচিত দু'টি গ্রন্থ 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' এবং '৭ই মার্চের ভাষণ: একটি জাতির কথামালা' এর মোড়ক উন্মোচন সম্পন্ন হয়েছে। ২৬ মে ২০২২ বৃহস্পতিবার বিকেল ৫:৩০ টায় চট্টগ্রাম জেলা শিল্পকলা একাডেমির আর্ট গ্যালারিতে 'তৃতীয় চোখ' এর আয়োজনে মোড়ক উন্মোচন করা হয়। চবি অধ্যাপক ড. মহীবুল আজিজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা। বিশেষ অতিথি ছিলেন চবি উপ-উপাচার্য (একাডেমিক) অধ্যাপক বেনু কুমার দে। প্রধান আলোচক ছিলেন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য কথাসাহিত্যিক অধ্যাপক ড. মোহীত উল আলম এবং বিশেষ আলোচক ছিলেন নাট্যব্যক্তিত্ব অভীক ওসমান।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে 'Team Work, Organizational Behaviour and Office Management' শীর্ষক তিনদিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালা চবি ইঞ্জিনিয়ারিং অনুষদের ভার্চুয়াল ক্লাশ রুমে ২৯ মে, ৩০ মে ও ৩১ মে ২০২২ তারিখ প্রতিদিন সকাল ১০:৩০ থেকে দুপুর ২:৩০ পর্যন্ত অনুষ্ঠিত হয়েছে।

'Only One Earth' এ শ্লোগানকে ধারণ করে 'চিটাগং ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (সিইউডিএস) ও পরিবেশ অধিদপ্তর (ডিওই) বিশ্ব পরিবেশ দিবস আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক উৎসব ২০২২' এর সমাপনী অনুষ্ঠান ২৮ মে ২০২২ বিকেল ৫:০০ টায় চবি চারুকলা ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়েছে। এতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়াও চট্টগ্রামের অতিরিক্ত বিভাগীয় কমিশনার যুগ্ম-সচিব জনাব মোহাম্মদ মিজানুর রহমান, পরিবেশ অধিদপ্তর চট্টগ্রাম অঞ্চলের পরিচালক জনাব মুফিদুল আলম, পরিবেশ অধিদপ্তর চট্টগ্রাম মহানগরের পরিচালক জনাব হিল্লোল বিশ্বাস, রেকিট বেঙ্কিজার এর দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সরবরাহ পরিচালক জনাব প্রদীপ কৃষ্ণমূর্তি, রেকিট বেঙ্কিজার বিডি-এসএল এর সরবরাহ প্রধান জনাব জিয়া উদ্দীন এবং বেঙ্কিজার (বিডি) পিএলসি জনাব মোহাম্মদ ওয়াহিদুজ্জামান উপস্থিত ছিলেন। বিতর্ক প্রতিযোগিতায় ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী এবং সিলেট সহ সারা দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে ২২ টি দল অংশগ্রহণ করে। উল্লেখ্য, আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক উৎসব ২০২২ এর প্রথম পর্ব ২৭ মে ২০২২ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে।

গত ২১ মে আন্তর্জাতিক সাংস্কৃতিক বৈচিত্র দিবস উদ্‌যাপিত হয়। খেলাধুলা সংস্কৃতির অন্যতম উপাদান। এ উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের আয়োজনে আন্তঃবর্ষ কেমিস্ট্রি প্রিমিয়ার লীগ ২০২২ (সিপিএল) ক্রিকেট টুর্ণামেন্টের উদ্বোধনী অনুষ্ঠান ১ জুন ২০২২ বিকেল ৩:০০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে।

দৈনিক আজাদী সম্পাদক জনাব এম এ মালেক একুশে পদকে ভূষিত হওয়ায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ২ জুন ২০২২ তারিখ বেলা ১১:৩০ টায় চবি উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে সংবর্ধনা প্রদান করা হয়েছে। এতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়া জনাব এম এ মালেকের সুযোগ্য পুত্রদ্বয় জনাব ওয়াহেদ মালেক ও জনাব শিহাব মালেক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য মহামান্য রাষ্ট্রপতির ঐচ্ছিক তহবিল হতে মঞ্জুরীকৃত আর্থিক সহায়তা প্রদান এবং মেধাবী শিক্ষার্থীদের মাঝে ইঞ্জিনিয়ার আবদুল খালেক, দৈনিক আজাদী বৃত্তি প্রদান করা হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) বিভিন্ন ইউনিট ভিত্তিক চট্টগ্রাম অঞ্চলের ভর্তি প্রার্থীদের ভর্তি পরীক্ষা ৩ জুন ২০২২ 'গ' ইউনিট, ৪ জুন ২০২২ 'খ' ইউনিট, ১০ জুন ২০২২ 'ক' ইউনিট, ১১ জুন 'ঘ' ইউনিট প্রতিদিন বেলা ১১:০০ থেকে ১২:৩০ পর্যন্ত নিবিঘ্নে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। চ-ইউনিটের চট্টগ্রাম অঞ্চলের ভর্তি প্রার্থীদের ভর্তি পরীক্ষা ১৭ জুন ২০২২ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বেলা ১১:০০ টা থেকে ১১:৩০ পর্যন্ত সুচারুরূপে অনুষ্ঠিত হয়েছে।

'Only One Earth : Living Sustainably in Harmony with Nature' এ প্রতিপাদ্যকে ধারণ করে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগের উদ্যোগে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ৫ জুন ২০২২ বিশ্ব পরিবেশ দিবস উদ্‌যাপন করা হয়েছে। এ উপলক্ষে সকাল ১০:০০ টায় অনুষ্ঠিত হয় এক বর্ণাঢ্য র‌্যালি। দুপুর ১২:০০ টায় চবি জীব বিজ্ঞান অনুষদ মিলনায়তনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'জীবন ও কর্ম' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. গোলাম কিবরিয়া ভূঁইয়া। এছাড়াও সেমিনারে 'বঙ্গবন্ধুর পরিবেশ ভাবনা' শীর্ষক বিশেষ প্রবন্ধ উপস্থাপন করেন উক্ত বিভাগের সহযোগী অধ্যাপক ড. শহীদুল ইসলাম।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় উদ্ভিদ বিজ্ঞান বিভাগে 'স্মার্ট ক্লাস রুম' ৫ জুন ২০২২ উদ্বোধন করা হয়েছে। এ উপলক্ষে বেলা ১১:০০ টায় আয়োজিত আলোচনা সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের আইসিটি বিভাগের সিনিয়র সচিব জনাব এন এম জিয়াউল আলম পিএএ।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ হাইটেক পার্ক অথরিটির যৌথ উদ্যোগে ৫ জুন ২০২২ বিকেল ৩:০০ টায় চবি বিজ্ঞান অনুষদের ১নং গ্যালারিতে '4th Industrial Revolution : Challenges & Academia-Industry Readiness' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় সিনিয়র সচিব জনাব এন এম জিয়াউল আলম পিএএ। এতে স্বাগত বক্তব্য রাখেন চবি আইসিটি সেলের পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ খাইরুল ইসলাম। সেমিনারে সরকারের আইসিটি ডিভিশনের আমন্ত্রনে একটি বিশেষজ্ঞ দল রিসোর্স পার্সন হিসেবে পৃথক পৃথক প্রবন্ধ উপস্থাপন করেন।

চট্টগ্রামের সীতাকুন্ড বিএম কন্টেনার ডিপোতে বিস্ফোরণের ঘটনায় আহতদের দেখতে ৬ জুন ২০২২ সন্ধ্যা ৬:০০ টায় উপাচার্য ও উপ-উপাচার্য (একাডেমিক) চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে যান। এ সময় চবি প্রক্টর ড. রবিউল হাসান ভূঁইয়া ও সহকারী প্রক্টর অরুপ বড়ুয়া, চট্টগ্রাম মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. সাহেনা আকতার ও রাংগামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. কাঞ্চন চাকমা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনার নবনিযুক্ত পরিচালক চবি ম্যানেজমেন্ট বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আবদুল্লাহ মামুন ৭ জুন ২০২২ বেলা ১১:৩০ টায় চবি বঙ্গবন্ধু চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। এরপর প্রফেসর ড. মোহাম্মদ আবদুল্লাহ মামুন উপাচার্যের সাথে উপাচার্যের অফিস কক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সায়েন্টিফিক সোসাইটির (সিইউএসএস) উদ্যোগে ৯ জুন ২০২২ বেলা ১০:৩০ টায় চবি সমাজ বিজ্ঞান অনুষদ মিলনায়তনে দ্বিতীয়বারের মতো চিটাগং সায়েন্স কার্ণিভাল অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ছাড়া বিশিষ্ট শিশু রোগ বিশেষজ্ঞ ডাঃ বাসনা মুহুরী এবং পরিবেশ অধিদপ্তরের চট্টগ্রাম অঞ্চলের পরিচালক জনাব মুফিদুল আলম উপস্থিত ছিলেন। প্রধান বক্তা ছিলেন বাংলাদেশ বিজ্ঞান একাডেমির সেক্রেটারী ইউজিসি প্রফেসর ড. হাসিনা খান।

'রোভারিং করি, সুন্দর জীবন গড়ি' এ স্লোগান ধারন করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটস এর তিনদিন ব্যাপি (৯-১১ জুন) বার্ষিক তাঁবুবাস ও দীক্ষা ক্যাম্প ২০২২ এর উদ্বোধনী অনুষ্ঠান ৯ জুন ২০২২ বিকাল ৩:০০ টায় চবি শহীদ শেখ কামাল জিমনেশিয়ামে অনুষ্ঠিত হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে কর্মকর্তাদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা ১২ জুন ২০২২ তারিখ সকাল ১০:০০ টায় চবি ইঞ্জিনিয়ারিং অনুষদের ভার্চুয়াল ক্লাশ রুমে অনুষ্ঠিত হয়েছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আরাধ্য সর্বস্তরে বাংলা ভাষা প্রচলনের মন্ত্রে উজ্জীবিত হয়ে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ১৯৮৭ সালের সর্বস্তরে বাংলা ভাষা চালুকরণ সংক্রান্ত আইনের ধারাবাহিকতায় The Chittagong University Act, 1973 এবং বিশ্ববিদ্যালয়ের সংবিধিসমূহ বাংলায় অনুবাদের জন্যে একটি প্রকল্প চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ হাতে নিয়েছে। এ প্রেক্ষিতে ১৩ জুন ২০২২ তারিখ বেলা ১১:০০ টায় উপাচার্যের সভাপতিত্বে উপাচার্যের দপ্তরের সভা কক্ষে অনুবাদ কমিটির এক সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় অনুবাদ কমিটির সম্মানিত সদস্য চবি বাংলা বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ মহীবুল আজিজ, চবি আইন বিভাগের প্রফেসর ড. মোঃ মোর্শেদ মাহমুদ খান, চবি আইন অনুষদের ডিন প্রফেসর ড. আবদুল্লাহ আল ফারুক, চবি ইংরেজি বিভাগের প্রফেসর মাইনুল হাসান চৌধুরী ও চবি নির্বাচন ও বিধি বিধান শাখার ডেপুটি রেজিস্ট্রার জনাব মোহাম্মদ ইউসুফ উপস্থিত ছিলেন।

যুক্তরাষ্ট্রে উচ্চ শিক্ষার সুযোগ-সুবিধা সম্পর্কে অবহিতকরণের লক্ষ্যে বাংলাদেশস্থ যুক্তরাষ্ট্র দূতাবাসের একটি প্রতিনিধি দল ১৪ জুন ২০২২ তারিখ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আগমন করেন। এ উপলক্ষে সকাল ১০:৩০ টায় চবি উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে "Information Seminar on U.S. Higher Education and Exchange Program Opportunities" শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। চবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর এস এম মনিরুল হাসানের সঞ্চালনায় সেমিনারে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক এবং শিক্ষার্থীদের যুক্তরাষ্ট্রে উচ্চ শিক্ষার সুযোগ-সুবিধা সম্পর্কে বিস্তারিত আলোকপাত করে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র দূতাবাসের এডুকেশন এন্ড একাডেমিক এক্সচেঞ্জ প্রোগ্রাম এর কালচারাল এ্যাফেয়ার্স বিশেষজ্ঞ জনাব রায়হানা সুলতানা, ইংলিশ ল্যাংগুয়েজ প্রোগ্রামের কর্মকর্তা জনাব শাওন কর্মকার এবং  জনাব সোহেল ইকবাল।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের উদ্যোগে 'বঙ্গবন্ধুর জীবন ও কর্ম' শীর্ষক স্মারক বক্তৃতা, চলচ্চিত্র প্রদর্শনী ও বিশেষ বক্তৃতা প্রতিযোগিতা ২২ জুন ২০২২ তারিখ বেলা ১১:০০ টায় জীব বিজ্ঞান অনুষদ মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। এতে স্মারক বক্তা হিসেবে উপস্থিত ছিলেন চবি বঙ্গবন্ধু চেয়ার ইতিহাসবিদ প্রফেসর ড. মুনতাসীর মামুন।

স্বপ্নের পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষে সারা দেশের মানুষের ন্যায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিবারও আনন্দে উদ্বেলিত। চবি কর্তৃপক্ষের উদ্যোগে 'পদ্মা সেতুর আর্থ-সামাজিক প্রভাব' শীর্ষক এক আলোচনা সভা ২৪ জুন ২০২২ বিকেল ৪:৩০ টায় চবি চারুকলা ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়েছে। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন চবি অর্থনীতি বিভাগের প্রফেসর আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ আবুল হোসাইন।

দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল সহ সারা দেশের কোটি মানুষের আশা আকাঙ্খার প্রতীক স্বপ্নের পদ্মা সেতু উদ্বোধন করলেন মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা। স্বপ্নের পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষে সারা দেশের মানুষের সাথে চবি পরিবারও অত্যন্ত আনন্দিত। এ উপলক্ষে ২৫ জুন ২০২২ ব্যানার, ফেস্টুন, পোস্টার, স্টিকার সহ আলোকসজ্জায় ক্যাম্পাস অপরূপ সাজে সজ্জিত করা হয়। ঐদিন সকাল ১০:০০ টায় চবি ব্যবসায় প্রশাসন অনুষদ মিলনায়তনে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিবার পদ্মা সেতুর উদ্বোধনী অনুষ্ঠান অবলোকন করেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে একটি আনন্দ শোভাযাত্রা চবি ব্যবসায় প্রশাসন অনুষদ চত্বর থেকে শুরু হয়ে চবি বঙ্গবন্ধু চত্বরে এসে শেষ হয়। এরপর এ উপলক্ষে সংক্ষিপ্ত বক্তব্য রাখা হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট ও ফাইন্যান্স কমিটির (এফসি) ৫৮ তম যৌথ সভা ২৫ জুন ২০২২ সন্ধ্যা ৭:০০ টায় চবি চারুকলা ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়েছে। সভায় ২০২১-২০২২ আর্থিক সনের সংশোধিত রাজস্ব বাজেট ৩৮৭ কোটি ৩২ লক্ষ টাকা এবং ২০২২-২০২৩ আর্থিক সনের প্রাক্কলিত রাজস্ব বাজেট ৩৮২ কোটি ৪১ লক্ষ টাকা অনুমোদন করা হয়।

আন্তর্জাতিক মাদকবিরোধী দিবস ২০২২ উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ২৬ জুন ২০২২ দুপুর ১২:৩০ টায় চবি বঙ্গবন্ধু চত্বর থেকে মাদকবিরোধী সচেতনতামূলক র‍্যালি অনুষ্ঠিত হয়েছে।